


Vol. 7 | No. 2 | 1963

Check for updates

সাহিত্য পত্রিকা

journal.bangla.du.ac.bd

# মুসলিম বাংলার সাময়িকপত্র (১৮৩১-১৯০০)

| | |
|---|---|
| Volume | 7 |
| Issue | 2 |
| Year | 1963 |
| ISSN | 0558-1583 |
| eISSN | 3006-886X |
| Author(s) | Anisuzzaman |
| Published online | December 16, 1963 |
| DOI | 10.62328/sp.v7i2.7 |
| Link to article | https://doi.org/10.62328/sp.v7i2.7 |
| Pages | 205-256 |
| Publisher | University of Dhaka |
| Copyright | সাহিত্য পত্রিকা |
| Designed and Developed by | Zobayer Abdullah |

# মুসলিম বাংলার সাময়িকপত্র

## ( ১৮৩১-১৯০০ )

আনিসুজ্জামান

বাংলা সাময়িক পত্রের প্রথম তালিকানির্মাণের কৃতিত্ব কেদারনাথ মজুমদারের প্রাপ্য।[১] তবে এ বিষয়ে বিস্তৃত তথ্যসংগ্রহের গৌরব ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের।[২] সাময়িক পত্রের তালিকা তৈরী করা ছাড়াও ব্রজেন্দ্রনাথ একটা বড় কাজ করেন পুরোনো সংবাদপত্রের পাতা থেকে সমসাময়িক বৃত্তান্ত সংগ্রহ করে।[৩] এক্ষেত্রে তাঁকে অত্যন্ত সাফল্যজনকভাবে অনুসরণ করেছেন বিনয় ঘোষ।[৪]

উপরোল্লিখিত গবেষণায় কিন্তু বাঙালী মুসলমানের সম্পাদিত পত্র-পত্রিকার ধারাটি স্পষ্ট হয়ে ধরা পড়ে না। তালিকাগুলোতে মুসলমানদের উদ্যোগে প্রকাশিত সবগুলো পত্র-পত্রিকার উল্লেখ নেই; 'সংবাদপত্রে সেকালের কথা'র দু খণ্ডেও এসব পত্রিকার কোন উদ্ধৃতি নেই। বিনয় ঘোষ গুরুত্বপূর্ণ দুটি পত্রিকার ফাইল ঘেঁটে 'সমাজচিত্রে'র দু খণ্ড সম্পূর্ণ করেছেন— সেক্ষেত্রে মুসলমানদের পত্র-পত্রিকার উদ্ধৃতির প্রশ্ন ওঠে না।

পরবর্তী পৃষ্ঠাসমূহে ১৮৩১এ প্রকাশিত মুসলমান-সম্পাদিত প্রথম পত্রিকা থেকে আরম্ভ করে ১৯০০ পর্যন্ত মুসলমান-প্রকাশিত পত্রিকাগুলির একটি তালিকানির্মাণের চেষ্টা করেছি। যেখানে সম্ভব হয়েছে, সেখানে বিভিন্ন পত্রিকা থেকে প্রয়োজনীয় অংশ উদ্ধৃত করেছি। আমার অভিপ্রায় ১৮৩১ থেকে ১৯৩০ পর্যন্ত বাঙালী মুসলমানদের পত্র-পত্রিকার তালিকা তৈরী করা এবং সঙ্গে সঙ্গে যথাসম্ভব তার থেকে উদ্ধৃতি দেওয়া। কাজটি দুঃসাধ্য। এতে অনেক অপূর্ণতা থাকা স্বাভাবিক। বহু সাময়িকী কালের গর্ভে হারিয়ে গেছে; অনেকগুলো

---

১। কেদারনাথ মজুমদার, 'বাংলা সাময়িক সাহিত্য', ময়মনসিংহ, ১৯১৭।

২। ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, 'বাংলা সাময়িক পত্র', দু খণ্ড; দ্বি-স, কলিকাতা, ১৩৫৯।

৩। ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, 'সংবাদপত্রে সেকালের কথা', দু খণ্ড; তৃ-স, কলিকাতা, ১৩৫৬।

৪। বিনয় ঘোষ, 'সাময়িকপত্রে বাংলার সমাজচিত্র', দু খণ্ড; কলিকাতা, ১৯৬২-৬৩।

হয়তো আমাদের অগোচরে রয়ে গেছে। যেগুলোর কথা জানতে পেরেছি, এখানে— প্রথম পর্যায়ে—তারই উল্লেখ করা হল। সম্পূর্ণ মালমসলার অভাবে এই অসম্পূর্ণ প্রয়াসও অনেকের কাজে লাগতে পারে, এই ভরসা।

**১৮৩১ (মার্চ ৭) সমাচার সভারাজেন্দ্র (সাপ্তাহিক)**

সম্পাদক : শেখ আলীমুল্লাহ্[১]

কলকাতার কলিঙ্গা লেন থেকে ফারসী ও বাংলা ভাষায় পত্রিকাটি প্রকাশিত হত। এই পত্রিকা সম্পর্কে প্রথম উল্লেখ পাওয়া যায় 'সমাচার চন্দ্রিকা'পত্রিকায়।[২] পত্রিকাটি দীর্ঘস্থায়ী হয় নি, তবে ১৮৩২ খৃষ্টাব্দের জানুয়ারী মাসেও যে তার প্রকাশ অব্যাহত ছিল, তাতে সন্দেহ নেই। এ সময়ে 'সমাচার দর্পণ' লেখেন :

> ঐ [ ১২৩৭ ] ফাল্গুন মাসে সভারাজেন্দ্রের জন্ম হয় তাহাতে পারসী ও বাংলা উভয় ভাষায় চারি তক্তা কাগজ প্রতি সোমবার প্রচার হয়, তাহাতে অনেক মুসলমান ও হিন্দু গ্রাহক হইলেন এক্ষণে নূতন কাগজের মধ্যে সভারাজেন্দ্র অগ্রগণ্য বলা যায় তাহার প্রতিকারণ ধর্ম্মপক্ষে আছেন।[৩]

১৮৩৫-এ 'সমাচার দর্পণ' এর তিরোভাবের খবর দিয়েছেন :

> কিয়দ্দিবস পূর্বে এতন্নগরে ... সভারাজেন্দ্র ইত্যাদি যে কয়েক খান সমাচার পত্র প্রচার হইয়াছিল তাহা ক্রমে ২ লুপ্ত হইয়াছে ...।[৪]

'সমাচার চন্দ্রিকা'য় প্রকাশিত মন্তব্য থেকে 'সভারাজেন্দ্রে'র প্রকৃতি অনুভব করা যেতে পারে :

> সভারাজেন্দ্র পত্রের বিষয় আমরা গতবার কিঞ্চিৎ লিখিয়াছি পুনশ্চ লিখি তিনি যদ্যপিও মুসলমান বটেন কিন্তু আমরা তাঁহাকে দরাপ খাঁ প্রভৃতির ন্যায় জবন জ্ঞান করিতে পারি যেহেতুক স্বধর্ম্মনাশেচ্ছুক হিন্দুসন্তানের প্রতি তাঁহার নিন্তাত দ্বেষিতা ...।[৫]

১। Long, পৃ ৪৪৫ : "Moulvi Ali Mola." ন্যায়রত্ন, পৃ ৩৩৪-তেও তাই আছে।
২। সমাচার চন্দ্রিকা, ১০ মার্চ ১৮৩১। সাময়িকপত্র, ১ : ৫৫-এ উদ্ধৃত।
৩। সমাচার দর্পণ, ২১ জানুয়ারী ১৮৩২। সেকালের কথা, ২ : ১৮৬।
৪। সমাচার দর্পণ, ৯ মে ১৮৩৫। ঐ, ২ : ১৯৩।
৫। সাময়িকপত্র, ১ : ৫৫-এ উদ্ধৃত।

**১৮৪৬[১] (জুন ১১) জগদুদ্দীপক ভাস্কর (সাপ্তাহিক)**

সম্পাদক ঃ মৌলভী রজব আলী[২]

কলকাতার বৈঠকখানা ষ্ট্রীট থেকে বাংলা, ইংরেজী, হিন্দী, ফারসী ও উর্দু ভাষায় এটি প্রকাশিত হত। এর অনুষ্ঠানপত্রের প্রচারক ছিলেন ফরীদউদ্দীন খাঁ এবং প্রকাশক ছিলেন মৌলভী নাসিরউদ্দীন। 'ক্যালকাটা রিভিউ'র আলোচনা থেকে পত্রিকাটি সম্পর্কে এই তথ্য পাওয়া যায় ঃ

> It is a polyglott Newspaper, consisting at present of *ten* folio pages of ample breadth and length, and intended ere long to be enlarged to *sixteen* pages. Each page consists of five parallel columns in five different languages, viz, Persian, Hindi, English, Bengali and Urdu or Hindustani. ...
>
> ... His Persian is too much Arabicized, his Urdu too much Persianized, and his Bengali too much Sanskritized, to be easily, if at all, intelligible to the great mass of readers.[৩]

পত্রিকাটি কিন্তু খুবই স্বল্পায়ু ছিল। ব্রজেন্দ্রনাথ বলেছেন, "তিন মাস যাইতে না যাইতেই 'জগদুদ্দীপক ভাস্কর' পত্রের প্রচার রহিত হয়।" কিন্তু এরপরই তিনি ৩০শে জুলাই ১৮৪৬ তারিখের 'ফ্রেণ্ড অব ইণ্ডিয়া'র যে সংবাদ উদ্ধৃত করেছেন, তা থেকেই দেখা যায় যে, ২৭ শে জুলাইয়ের পূর্বেই — অর্থাৎ প্রথম প্রকাশের দেড় মাস পরই— পত্রিকাটির তিরোভাব ঘটে।[৪] লঙের

১। কেদারনাথ মজুমদার এর প্রকাশকাল বলেছেন ১৮৪৭ (সাময়িক সাহিত্য, পৃ ১০৯), কিন্তু ব্রজেন্দ্রনাথের দেওয়া তারিখ সন্দেহাতীত।

২। ন্যায়রত্ন (পৃ ৩৩৭) ও সাহিত্যপঞ্জিকা (পৃ ১১৭)-অনুযায়ী ১৮৪৬ সালে মৌলভী আলীর সম্পাদনায় ইংরাজি, বাংলা, পারসী ও হিন্দী ভাষায় 'জ্ঞানদীপক' প্রকাশিত হয়। লঙ চতুর্ভাষিক পত্রের নাম দিয়েছেন Jayadipak (পৃ ৪৪৫)। সাময়িক সাহিত্যে মৌলভী আলীর সম্পাদনায় দ্বিভাষিক 'জ্ঞানদীপিকা'র নাম আছে। অনুমান করি, লঙের ভুলে এঁরাও বিভ্রান্ত হয়ে 'জগদুদ্দীপকে'র কথা বলতে গিয়েই 'জ্ঞানদীপক' বা '—দীপিকা'র উল্লেখ করেছেন।

৩। *Calcutta Review*, January-June, 1846. সাময়িক পত্র, ২ : ১৪৪-এ উদ্ধৃত।

৪। ঐ।

মতে, পত্রিকাটি "shone only for a month"[১] আর 'ক্যালকাটা রিভিউ' বলেন যে, এর মাত্র দ্বিতীয় সংখ্যা প্রকাশিত হয়েছিল।[২]

'জগদুদ্দীপক ভাস্করে'র ইংরেজী সংস্করণ *The Indian Sun* বাঙালী মুসলমান - প্রকাশিত প্রথম ইংরেজী সাময়িকপত্র।

১৮৬১ **ফরিদপুর দর্পণ** **(পাক্ষিক)**

সম্পাদক : আলাহেদাদ খাঁ

ফরিদপুর জেলার ডেপুটি ইন্‌স্‌পেক্টর অব স্কুল্‌স "শ্রীআলাহেদাদ খাঁ" এই পত্রিকা প্রকাশের বিজ্ঞাপন দেন। প্রকাশিত হয়েছিল কি না জানা যায় না।[৩]

১৮৭৪ **(এপ্রিল) আজীজন নেহার** **(মাসিক)**

সম্পাদক : মীর মশাররফ হোসেন

"হুগলী কলেজের কতিপয় মুসলমান যুবকের উদ্যোগে চুঁচুঁড়া হইতে ইহার প্রচার আরম্ভ হয়।"[৪]

---

১। Long, পৃ ৪৪৫।

২। "A Musalman, a few years ago, started a paper in five different languages in parallel columns, but it only reached the second number." —*Calcutta Review*, July-December, 1850.

৩। সাময়িকপত্র, ১ : ২৭১।

৪। ঐ, ২ : ১৪। ১৮৬৬ খৃষ্টাব্দে পিতৃবন্ধু নাদির হোসেনের কন্যা আজীজননেসার সঙ্গে মীর মশাররফ হোসেনের বিবাহ হয়। ১৮৭৩-এ তিনি বিবি কুলসুমকে বিবাহ করেন। মশাররফ হোসেনের মতে, প্রথম স্ত্রী তাঁকে সুখী করেন নি এবং দ্বিতীয় বিবাহের পর তিনি আরও অশান্তির কারণ হয়ে দাঁড়ান। (দ্রষ্টব্য মীর মশাররফ হোসেন, 'বিবি কুলসুম', কলিকাতা, ১৯১০) কৌতূহলের বিষয় এই যে, দ্বিতীয় বিবাহের পরও কিন্তু তিনি প্রথম স্ত্রীর নামেই পত্রিকার নামকরণ করেছিলেন।

১৮৭৪ **পারিল বার্ত্তাবহ** **(পাক্ষিক)**

সম্পাদক ঃ আনিছউদ্দীন আহমদ

ঢাকা জেলার পারিল গ্রাম থেকে প্রকাশিত হত।[১]

১৮৭৭ **মহাম্মদী** **( অর্ধ-সাপ্তাহিক )**

সম্পাদক ঃ কাজী আবতুল খালেক

কলকাতার শিয়ালদহ থেকে প্রকাশিত হত এবং প্রায় দু বছর এর প্রচার অব্যাহত থাকে।[২]

১৮৮৪ **( জানুয়ারী )** **আখবারে এসলামীয়া** **(মাসিক)**

সম্পাদক ঃ মৌলভী নঈমউদ্দীন

মাহমুদীয়া প্রেস, করটীয়া, টাঙ্গাইল থেকে মীর আতাহার আলী কর্তৃক মুদ্রিত।[৩]

১২৯৫ বঙ্গাব্দের 'আহমদী' পত্রিকায় মীর মশাররফ হোসেনের 'গো-জীবন' (টাঙ্গাইল, ১২৯৫) পুস্তিকার "প্রথম প্রস্তাব"—"গোকুল নির্ম্মূল আশঙ্কা" — প্রকাশিত হলে 'আখবারে এসলামীয়া'র ৫ম ভাগ, ৪র্থ সংখ্যায় ( শ্রাবণ ১২৯৫ ) তিনটি প্রতিবাদ পত্র প্রকাশিত হয়। এই তিনটি প্রতিবাদই 'গো-জীবনে'র ৩১-৬৩ পৃষ্ঠায় পুনর্মুদ্রিত হয়েছে। এর একটিতে বলা হয় যে, মশাররফ হোসেন "মুসলমান নহেন"। এ নিয়ে মশাররফ হোসেন পত্রিকাটির বিরুদ্ধে মানহানির মোকদ্দমা দায়ের করেছিলেন, পরে অবশ্য আপোষরফা হয়েছিল।

---

১। সাময়িকপত্র, ২ : ১৭।

২। মোহাম্মদ আকরম খাঁ, "তৃতীয় বঙ্গীয় মুসলমান সাহিত্য সম্মেলনের সভাপতির ভাষণ", ব. মু. সা. প., মাঘ ১৩২৫।

৩। মীর মশাররফ হোসেন, গো-জীবন, ( টাঙ্গাইল, ১২৯৫ ), পৃ ৩১ দ্রষ্টব্য।

১৮৮৪ **মুসলমান** (সাপ্তাহিক)

সম্পাদক : মোহাম্মদ রেয়াজুদ্দীন আহমদ [১]

কলকাতা থেকে প্রকাশিত। "কাগজখানি ১০।১২ সপ্তাহের অধিককাল জীবিত ছিল না।" [২]

১৮৮৫ (?) **মুসলমান-বন্ধু** (মাসিক)

সম্পাদক : অজ্ঞাত। [৩]

১৮৮৫ (?) **ইসলাম** (মাসিক)

সম্পাদক : একিনউদ্দীন আহমদ

"২/৩ সংখ্যা বাহির হইয়া বন্ধ হইয়া গেল।" [৪]

১৮৮৬ (?) **নব-সুধাকর** (সাপ্তাহিক)

সম্পাদক : মোহাম্মদ রেয়াজুদ্দীন আহমদ

কলকাতা থেকে প্রকাশিত। "কিন্তু ৫/৬ সপ্তাহের মধ্যেই ইহার আয়ুস্কাল পূর্ণ হইয়াছিল।" [৫]

---

১। সাময়িকপত্র ২ : ৪২-এ এই পত্রিকার নাম ও তারিখ দেওয়া আছে, সম্পাদকের নাম নেই। তুলনীয় : মোহাম্মদ রেয়াজুদ্দীন আহমদ, 'পাক-পাঞ্জতন' (কলিকাতা, ১৩৩৬), "ভূমিকা", পৃ ॥৵০ : "আমি ১ম বার ঢাকা হইতে প্রত্যাবর্ত্তনের পর [ ১২৯০ ] রাইট অনারেবল ছৈয়দ আমীর আলী মরহুমের (তখনও তিনি ব্যারিষ্টার) কেরানী আবদুল হাকীম নামে বিজ্ঞাপিত ও "ইণ্ডিয়ান একো" নামক ইংরাজী সংবাদপত্রের পরিচালক বাবু শশিভূষণ মুখোপাধ্যায় কর্ত্তৃক পরিচালিত "মুসলমান" নামক সংবাদপত্রের সম্পাদক নিযুক্ত হইলাম।"

২। রেয়াজুদ্দীন আহমদ, পাক পাঞ্জতন, ভূমিকা, পৃ ॥৵০

৩। ন্যায়রত্ন, পৃ ৩৪৬ ; রাজবিহারী দাস, "বঙ্গীয় সংবাদপত্র", সা. প. প., ৪র্থ বর্ষ, ২য় সংখ্যা, পৃ ১১১ ; সাহিত্যপঞ্জিকা, পৃ ১২৬।

৪। রেয়াজুদ্দীন, পূর্বোক্ত, পৃ ৷৹০। 'সাহিত্যপঞ্জিকা'য় মৌলভী একিনউদ্দীনের পরিচিতিতে কিংবা অন্য কোন তালিকায় এই পত্রিকার উল্লেখ নেই।

৫। ঐ, পৃ ৷৹০।

১৮৮৬ **আহমদী** (পাক্ষিক)

সম্পাদক : আবদুল হামিদ খান ইউসফজয়ী

টাঙ্গাইল থেকে করিমন্নেসা খানম চৌধুরাণীর অর্থানুকূল্যে প্রকাশিত। "আহমদী'র অসম্প্রদায়িকতা ও ন্যায়নিষ্ঠা সুপরিচিত ছিল।"[১] দৃষ্টিভঙ্গীগত কারণে স্থানীয় 'আখবরে এসলামিয়া'র সঙ্গে এই পত্রিকার দ্বন্দ্ব ছিল।

১৮৮৭ **হিন্দু-মুসলমান সম্মিলনী** (মাসিক)

সম্পাদক : মুনশী গোলাম কাদের

"মাগুরা হইতে প্রকাশিত।"[২]

১৮৮৯ **সুধাকর** (সাপ্তাহিক)

সম্পাদক : শেখ আবদুর রহিম

কলকাতা থেকে প্রকাশিত। পরে মোহাম্মদ রেয়াজুদ্দীন আহমদ এর সম্পাদক হন।[৩] কিঞ্চিদধিক দু বৎসর চলে।

---

১। সাময়িক পত্র, ২ : ৪৯।

২। সাহিত্যপঞ্জিকা, পৃ ১৩৩।

৩। প্রথম প্রকাশকালে 'সুধাকর'-সম্পাদক কে ছিলেন, এ নিয়ে বিতর্ক আছে। 'সুধাকর'-এর সর্বপ্রাচীন উল্লেখ আছে রামগতি ন্যায়রত্নে (পৃ ৩৪৭) : তাঁর তালিকা অনুযায়ী পত্রিকার সম্পাদকের নাম আবদুর রহিম। সাহিত্যপঞ্জিকা (পৃ ১২৭) ও ব্রজবিহারী দাস "বঙ্গীয় সংবাদপত্র", সা. প. প. ১৩০৪ (পৃ ১১৫) এও তাই পাই। আমি এখানে সর্বপ্রাচীন উল্লেখের অনুসরণ করেছি। মুহম্মদ আবদুল হাই ও সৈয়দ আলী আহসান, বাংলা সাহিতের ইতিবৃত্ত, (ঢাকা, ১৯৫৬), পৃ ১৩২ ও মুহম্মদ এনামুল হক, মুসলিম বাঙ্গলা সাহিত্য (ঢাকা, ১৯৫৬) পৃ ৩১১ এ এই মত অনুসৃত হয়েছে।

অন্যপক্ষে মোহাম্মদ রেয়াজুদ্দীনের পূর্বোক্ত রচনায়; সাহিত্যপঞ্জিকায় প্রকাশিত রওশন আলী চৌধুরীর প্রবন্ধে (পৃ ১১২); মোহাম্মদ ইদরিস আলীর 'মোহাম্মদ রেয়াজুদ্দীন আহমদ' (ঢাকা, ১৯২৯)-এ এবং আবদুল কাদিরের "মিহির", মাহে-নও, ফেব্রুয়ারী, ১৯৬২-তে 'সুধাকর' সম্পাদক রূপে রেয়াজুদ্দীনের নাম পাই। এঁরা সকলেই অবশ্য বলেছেন যে, পরে আবদুর রহিম সম্পাদক হন।

১৮৯০ **হিতকরী** (পাক্ষিক)

সম্পাদক : মীর মশাররফ হোসেন

কুষ্টিয়ার লাহিনীপাড়া থেকে প্রকাশিত হত। "হিতকরী পত্রিকাটিও ছিল হিন্দু-মুসলমানের মিলনকামী। এর লেখক এবং গ্রাহকের মধ্যে মুসলমানদের প্রাধান্য ছিল।"[১]

পরবর্তী বৎসরে[২] মশাররফ হোসেনের কর্মস্থল টাঙ্গাইল থেকে কয়েক সংখ্যা (কিছুদিন মোসলেমউদ্দীন খাঁর সম্পাদনায়) প্রকাশিত হবার পর এটি বন্ধ হয়ে যায়। ১৮৯৯তে 'হিতকরী'র নবপর্যায় আত্মপ্রকাশ করে। [ ১৮৯৯ দ্র° ]

১৮৯১ (জুলাই) **ভিষক-দর্পণ** (মাসিক)

সম্পাদক : জহিরুদ্দীন আহমদ[৩]

১৮৯১ **ইসলাম-প্রচারক**[৪] (মাসিক)

সম্পাদক : মোহাম্মদ রেয়াজুদ্দীন আহমদ

কলকাতা থেকে প্রকাশিত হত। "দুই বৎসর চলিবার পর ইহা কিছুকাল বন্ধ থাকে।"[৫] ১৮৯৪তে কিছুদিনের জন্য পুনরায় প্রকাশিত হয়।[৬] নবপর্যায়ে প্রকাশের কাল ১৮৯৯ খৃষ্টাব্দ [ ১৮৯৯ দ্র° ]।

---

১। কাজী আবদুল মান্নান, আধুনিক বাঙলা সাহিত্যে মুসলিম-সাধনা ( রাজশাহী, ১৯৬১) পৃ ২৫৩।

২। মতান্তরে ১৮৯২। আশরাফ সিদ্দিকী, "হিতকরী", মাহে নও, ডিসেম্বর ১৯৬০ দ্র°।

৩। সাময়িক পত্র, ২ : ৬১।

৪। বিস্তৃত আলোচনার জন্য দ্রষ্টব্য : মোহাম্মদ ইদরিস আলী, "ইসলাম-প্রচারক", মোহাম্মদী, মাঘ ও চৈত্র ১৩৬১, শ্রাবণ ১৩৬২।

৫। সাময়িক পত্র, ২ : ৬১।

৬। মিহির ও সুধাকর, ৮ই পৌষ ১৩০৬।

## ১৮৯২ (জানুয়ারী) মিহির (মাসিক)

সম্পাদক ঃ শেখ আবদুর রহিম

৪, সীতারাম ঘোষ ষ্ট্রীট, কলকাতা থেকে প্রকাশিত। মূল্য প্রতি সংখ্যা ।৵০। ১৮৯৩ খৃষ্টাব্দের মাঝামাঝি পর্যন্ত অনিয়মিতভাবে প্রকাশিত হতে থাকে।[১]

১ম খণ্ড, ৩য় সংখ্যা ঃ মার্চ ১৮৯২

স্থরিয়া বিজয় [২]

রোগী ও চিকিৎসকের সম্বন্ধ ঃ ডাক্তার আবদুল অজেদ খাঁ চৌধুরী

কোকিল [ কবিতা ]

জড়জগৎ ও মনুষ্য সমাজ ঃ তবিলল কামৎ

চন্দ্রশেখরে দলনী বেগম

পুরাতত্ব [ হাওড়া, নারিকেল বাড়িয়া, কাজীপাড়া, বাসরা ]

আরবীয় দর্শন শাস্ত্র

শাহ্‌নামা [অবতরণিকা ; ফেরদৌসীর জীবনবৃত্তান্ত] ঃ মোজাম্মেল হক

মানবচরিত্র

এমাম আবু হানিফা

শিক্ষা

সমালোচন ঃ

আমরা "সুলভ" দৈনিক নিয়মিতরূপে প্রাপ্ত হইতেছি, সুবিজ্ঞ বহুদর্শী শ্রীযুক্ত বাবু চন্দ্রকিশোর রায় ইহার সম্পাদক। বাবু কেশবচন্দ্র সেন বিলাতী পেনী পেপারের ন্যায় এদেশে প্রথমে "সুলভ" সংবাদপত্রের প্রচলন করেন ...।

---

১। বিস্তৃত আলোচনার জন্য দ্রষ্টব্য ঃ আবদুল কাদির, "মিহির" মাহে-নও, ফেব্রুয়ারী ১৯৬২। তু॰ সাহিত্যপঞ্জিকা, পৃ ৯২ঃ "মিহির কয়েক বৎসর জীবিত থাকিয়া মোসলেম সমাজে জ্ঞানালোক বিকীর্ণ করিয়াছিল।"

২। রেয়াজ অল্‌-দীন আহ্‌মদের রচনা।

মানসাঙ্ক ও শুভঙ্করী সম্বলিত ধারাপাত। শ্রী আবেদ আলী খাঁ কর্ত্তৃক প্রণীত, মূল্য ৵০ আনা মাত্র।...

মিহির সম্বন্ধে সংবাদপত্রের মত ঃ

মিহির—বিবিধ বিষয়িনী মাসিক পত্রিকা, প্রথম খণ্ড, কলিকাতা সীতারাম ঘোষের ষ্ট্রীট মিলন যন্ত্রে শ্রীমুনীন্দ্রমোহন বসুর দ্বারা মুদ্রিত ও প্রকাশিত। সেখ আবদর রহিম এই পত্রের সম্পাদক। মুসলমান ভ্রাতাগণ বঙ্গভাষায় ক্রমশঃ বিশেষ অধিকার লাভ করিতেছেন দেখিয়া আমরা অত্যন্ত আনন্দিত হইতেছি।...মিহিরের লেখা অতি সরল এবং সুমিষ্ট ও সতেজ।... সময়।

...প্রতিখণ্ডের নগদ মূল্য ।৵০ মাত্র।... ভাষার লালিত্য ও প্রাঞ্জলতা এই পত্রিকার নূতনত্ব।... হিতবাদী।

১৮৯২ **টাঙ্গাইল হিতকরী** (সাপ্তাহিক)

সম্পাদক ঃ মোসলেমউদ্দীন

টাঙ্গাইল থেকে প্রকাশিত।[১]

১৮৯৪ **মিহির ও সুধাকর** (সাপ্তাহিক)

সম্পাদক ঃ শেখ আবদুর রহিম

কলকাতা থেকে প্রকাশিত। ১৯০৪ খৃষ্টাব্দ পর্যন্ত চলে। পরে সৈয়দ ওসমান আলীর সম্পাদনায় কিছুকাল প্রকাশিত হয়ে ১৯০৫এ চিরতরে বন্ধ হয়ে যায়।

৮ই পৌষ ১৩০৬ তারিখের 'মিহির ও সুধাকর' থেকে ঃ

[সংবাদ:] ...লর্ড কিচনারের অসাধারণ সমর কৌশলে বুয়র জাতি অচিরে বিধ্বস্ত হইবে, তাহাতে কোন সন্দেহ নাই। আমরা বৃটিশ পতাকার বিজয় কামনা করিতেছি।

[ঐ] সিপাহী বিদ্রোহের সময়ে ভারতে আমাদের বৃটিশরাজের যে অবস্থা ঘটিয়াছিল, এখন দক্ষিণ আফ্রিকায় বৃটিশবাহিনীর সেইরূপ অবস্থা ঘটিয়াছে। ...কিন্তু বিশ্ববিজয়ী বৃটিশবাহিনীর অনলপ্রতাপে ভারতীয় বিদ্রোহীগণ

---

১। দ্র° আশরাফ সিদ্দিকী, "হিতকরী" মাহে-নও, ডিসেম্বর ১৯৬০। পত্রিকাটির অস্তিত্ব সন্দেহাতীত নয়।

যেমন সমূলে ধ্বংশ প্রাপ্ত হইয়াছিল। আমাদের ভরসা এই যে, এবার সেইরূপ সমরকুশল বহুদর্শী রণপণ্ডিতগণের সৈন্যচালনায় অচিরে দক্ষিণ আফ্রিকার বিদ্রোহবহ্নি নির্ব্বাপিত হইয়া শান্তি স্থাপিত হইবে।

[ ঐ ] নিতান্ত পরিতাপের সহিত প্রকাশ করিতেছি যে, আমাদের পরম শুভানুধ্যায়ী মুসলমান বন্ধু, সমাজের পরম প্রীতি ও ভক্তিভাজন সুপ্রসিদ্ধ ধর্ম্মপ্রচারক শ্রীযুক্ত মুন্সী মোহাম্মদ মেহেরউল্লা সাহেব আজ কঠিন পীড়াগ্রস্থ।

[ ঐ ] ...আমাদের পুন: পুনঃ অনুরোধে, আমাদের অন্যতম প্রিয় সুহৃদ কুমেদপুর মাদ্রাসার হেড মৌলভী বঙ্গীয় মুসলমানদিগের সুপরিচিত, উৎসাহের জলন্ত মূর্ত্তি মাননীয় শ্রীযুক্ত মৌলভী মোহাম্মদ মনিরুজ্জামান ইসলামাবাদী সাহেব ধর্ম্মপ্রচার ব্রতে ব্রতী হইবার জন্য দৃঢ় সঙ্কল্পারূঢ় হইয়াছেন।...

[ঐ] গত ১১ই ডিসেম্বর মালদাহ ইংরাজাবাদে খুব ধুমধামের সহিত [ মহামেডান এডুকেশনেল ] কনফারেন্সের এক সভা হইয়া গিয়াছে।...

[প্রাপ্তি স্বীকার :] ইসলাম প্রচারক। আমরা ২য় সংখ্যা ইসলাম প্রচারক প্রাপ্ত হইয়াছি।...

[প্রেরিত পত্রঃ] কি কারণে মুসলমান জাতি রাজভাষা শিখিতে এত তাচ্ছিল্য প্রদর্শন করে তাহার কারণানুসন্ধান করা ও তন্নিবারণে যত্নিক হওয়া প্রত্যেক মুসলমানের কর্ত্তব্য, তবে আমার অতি ক্ষুদ্র বিবেচনায় যাহা বিবেচিত হইল তাহা নিম্নে প্রকটিত হইতেছে, কৃতবিদ্যগণ পরিহাস না করিলেই আপনাকে বাধিত জ্ঞান করিব।

১। রাজভাষা শিক্ষা করাকে ধর্ম্মের বিরুদ্ধ কার্য্যরূপ কুসংস্কার মনে করা, ২। অভিভাবকের অবহেলা ও অদুরদর্শিতা, ৩। অর্থের অনটন, ৪। রাজভাষা-শিক্ষিত মুসলমানদের ধর্ম্মকার্য্যে অনিচ্ছা ও বীতশ্রদ্ধ প্রদর্শন করা, ৫। হিন্দুদিগের বিদ্বেষ, ৬। গবর্ণমেণ্টের উৎসাহের অভাব, ৭। বিলাসিতা, ৮। শ্রমবিমুখতা, ৯। শিক্ষা বিভাগে মুসলমান কর্ম্মচারীর অল্পতা, ১০। কর্ম্মচারীর নিয়োগের ভার হিন্দুদিগের হস্তে ন্যস্ত থাকা।... বশম্বদ—শ্রীসৈয়দ আবদুল আগফার।

[সম্পাদকীয় :] "আমাদের নিম্নশিক্ষার সংস্কার" : ... যেস্থলে হিন্দুদিগকে বাঙ্গালা ও ইংরেজী এই দুইটি মাত্র ভাষা শিক্ষা করিবার প্রয়োজন; ...সেই স্থলে বঙ্গীয় মুসলমানদিগকে পাঁচটি ভাষা শিক্ষা না করিলে চলিতে পারে না। ধর্ম্মভাষা আরবী, তৎসহ পারসী, এবং উর্দ্দু এই দুইটি; আর রাজভাষা ইংরেজী তৎসহ মাতৃভাষা বাঙ্গালা।

১৮৯৭ (জানুয়ারী) **হাফেজ** (মাসিক)

সম্পাদক : শেখ আবদুর রহিম

১৪ নং জিকজ্যাক লেন, কলকাতা থেকে প্রকাশিত। সম্পাদকের ঠিকানা : ৬৮ নং সীতারাম ঘোষ ষ্ট্রীট, কলিকাতা। মূল্য প্রতি সংখ্যা ।৶০। "জুন মাস পর্যন্ত হাফেজের ছয় সংখ্যা বাহির হইবার পর "হাফেজ" লুপ্ত হয়।"[১]

প্রথম খণ্ড, প্রথম সংখ্যা : জানুয়ারী ১৮৯৭

আভাষ :

> সর্বশক্তিমান বিশ্বপালক করুণাময়ের পবিত্র নাম স্মরণপূর্বক আজ আমরা আমাদের বহুদিনের সঙ্কল্পিত "হাফেজ"কে বঙ্গীয় মুসলমান ভ্রাতাগণের নিকট উপস্থিত করিতে সক্ষম হইলাম।… হে দয়াময়! আমাদের বঙ্গীয় মুসলমান ভ্রাতাগণকে বিদ্যাচর্চ্চা ও বিদ্যোৎসাহী হইতে বঞ্চিত করিও না। কারণ বঙ্গীয় মুসলমান ভ্রাতাগণ ঘোর আলস্য শয্যায় শায়িত হইয়া যেরূপ ভোগবিলাসে জীবন অতিবাহিত করিতেছেন, তদ্বিষয়ে কোন সন্দেহ নাই।… হাফেজ সেই ভোগবিলাসসুখাভিলাষী নিদ্রিত বঙ্গীয় মুসলমানদিগকে তাঁহাদের পূর্বপুরুষদিগের অতীত গৌরব ও ধর্ম্মভক্তিকাহিনী এবং পবিত্র ধর্মের পবিত্র রীতিনীতি শুনাইয়া জাগরিত করিবার জন্য, তোমারই আশ্রয়ে ও অনুগ্রহে আজ বঙ্গের চতুর্দিকে ভ্রমণ করিতে বহির্গত হইল।…
>
> … আমাদের মধ্যে এই একখানি মাত্র মাসিক পত্রিকা, ইহার উন্নতি ও স্থায়িত্ব কল্পে বঙ্গীয় প্রত্যেক মুসলমান ভ্রাতার প্রাণপণে সাহায্য করা কি উচিত নহে?…

সম্রাট মহম্মদ জালাল উদ্দিন আকবর : মৌলবী মহম্মদ বদিয়ল আলম

সভ্যতার এক পৃষ্ঠা : টি, ইউ, আহমদ

অপূর্ব ধর্ম্মজীবনলাভ — মহাত্মা বশর হাফি : কবিবর মোজাম্মেল হক

শাহনামা : কবিবর মোজাম্মেল হক

কোরাণ তত্ত্ব : মৌলবী আবদুর রহমান

---

১। সাহিত্যপঞ্জিকা, পৃ ৯২।

মুসলমানগণের গতকালীন শিক্ষা ঃ মৌলবী মহম্মদ ইয়াকুব

তহমিনা ( উপন্যাস )ঃ মীর মশাররফ হোসেন

এমাম আবু হানিফা

বাঙ্গালার মুসলমান ঃ সম্পাদক

··· মুসলমানের সংখ্যা বাঙ্গালায় এত অধিক কেন, তাহার প্রকৃত কারণ না জানিয়া অনেকে অনেক প্রকার স্বকপোলকল্পিত কারণ নির্দ্দেশ করিতেন। পরিশেষে ··· দেওয়ান খোন্দকার ফজলে রব্বি খান বাহাদুর মহোদয় ··· বিশেষ অভিনিবেশ সহকারে, অনেক ইতিহাস ও ইতিবৃত্ত উদঘাটন করিয়া ···· "হকিকতে মুসলমানানে বাঙ্গালা" নামে পশ্চাতে ইংরাজী ভাষায় "The Origin of the Musalmans of Bengal" নামে একখানি উৎকৃষ্ট গ্রন্থ প্রকাশ করিয়াছেন।

··· "মিহির ও সুধাকর" সংবাদপত্রের সম্পাদকীয় গুরুভার মস্তকোপরি রক্ষা করিয়া ... উক্ত গ্রন্থের অনুবাদ কার্য্যে হস্তক্ষেপ করিয়াছি।

সাহিত্যে মুসলমানগণের আধিপত্য

মুসলমান সমাজের একটি চিত্র

প্রথম খণ্ড, দ্বিতীয় সংখ্যা ঃ ফেব্রুয়ারী ১৮৯৭

অপূর্ব ধর্ম্মজীবন লাভ — নসুহা ঃ মোজাম্মেল হক

তহমিনা ঃ মীর মশাররফ হোসেন

কংগ্রেস ও মুসলমান জাতি ঃ সেখ ওসমান আলি, বি, এল

...সমগ্র ইংরেজ জাতিকে অনুরোধ করিতে পারিলে ও তাহাদিগকে আমাদের অভাব আকাঙ্ক্ষা অবগত করাইতে পারিলে আমাদের অভাব যত বড় হউক না কেন, আমাদের আকাঙ্ক্ষা যত উচ্চ হউক না কেন, নিশ্চয় পূরণ হইবে। ...এক্ষণে দেখা যাউক, কি উপায়ে আমরা বৃটিশদের বিবেকশক্তি উত্তেজিত ও পরিচালিত করাইতে পারিব। অন্যান্য উপায়ের মধ্যে একটি জাতীয় মহাসমিতির প্রতিষ্ঠা প্রধানতম উপায়।... এই রূপেই বর্ত্তমান কংগ্রেসের সৃষ্টি।...

কংগ্রেসের উদ্দেশ্য যে মহৎ, তদ্বিষয়ে আর কোন সন্দেহ থাকিতে পারে না। এক্ষণে জিজ্ঞাস্য এই যে, এরূপ কংগ্রেসে মুসলমানেরা যোগ দেন নাই কেন ?...

...প্রথমতঃ কংগ্রেস যেরূপভাবে গবর্ণমেণ্টের কার্য্যাবলীর সমালোচনা প্রতিবাদ আদি করিয়া থাকে, তাহাতে বোধহয় কংগ্রেস গবর্ণমেণ্টের বিরোধী, সুতরাং এহেন কংগ্রেসে মুসলমানদের যোগ দিয়া গবর্ণমেণ্টের বিরাগভাজন হওয়া উচিত নহে। কিন্তু প্রকৃত কি তাই ?...

প্রকৃতপক্ষে কংগ্রেসে যে সকল বিষয়ের আলোচনা হইয়া থাকে তাহা বৃটিশ গবর্ণমেণ্টকে বিধ্বস্ত করিবার জন্য ত নহে বরং যাহাতে বৃটিশ রাজত্ব আরও সুদৃঢ় ভিত্তির উপর স্থাপিত হইতে পারে ... তাহারই আলোচনা হইয়া থাকে। কংগ্রেস কখনই গবর্ণমেণ্ট বিরোধী নহে।

দ্বিতীয়তঃ মুসলমানেরা বলেন যে, কংগ্রেস দ্বারা কোন ফল লাভ হইলে হিন্দুরাই তাহা বণ্টন করিয়া লইবে, মুসলমানেরা কিছুই পাইবেন না। কেন, কংগ্রেস কি এমন কোন অধিকার প্রার্থনা করে, যাহা কেবল হিন্দুগণই পাইবেন আর মুসলমানগণ তাহা হইতে বঞ্চিত থাকিবেন ?

প্রকৃত কথা এই যে, অধিকাংশ মুসলমান কংগ্রেস কি জানেন না। আলস্যই তাহার প্রধান কারণ।

ভাই মুসলমানগণ ! আলস্য পরিহার কর আর বৃথা কালক্ষয় করিও না। তোমাদের দুঃখনিশা প্রভাত হইতে চলিল।... ক্রমে মুসলমানগণ নয়ন উন্মীলন করিতেছেন, তাই এবার কংগ্রেসে চল্লিশজন মুসলমান প্রতিনিধি উপস্থিত হইয়াছিলেন।...

বাঙ্গালার মুসলমান

খয়বর ঃ সৈয়দ সখয়ত হোসেন

খলিফা মামুনের সময়ে বিজ্ঞানচর্চ্চা ঃ মহম্মদ ইয়াকুব

সম্রাট জালালউদ্দিন মহম্মদ আকবর ঃ মহম্মদ বদিয়ল আলম

শাহনামা ( পারস্যের প্রাচীন ইতিহাস ) ঃ মোজাম্মেল হক

ইসলামে পিতামাতার প্রতি সন্তানের কর্তব্য কর্ম ( ১ম পরিচ্ছেদ )

মুসলমান জাতির সাহিত্যে আধিপত্য

ইসলামে বিদ্যার গৌরব

শেরেক ও বেদাত

ভারতে "রমজান" [ কবিতা ] ঃ শ্রীকায়কোবাদ

**১৮৯৮ ( জুন ) কোহিনূর ( মাসিক )[১]**

সম্পাদক ঃ এস. কে. এম. মহম্মদ রওশন আলী

কুমারখালি থেকে প্রকাশিত। বোধ করি দ্বিতীয় বর্ষের কয়েক সংখ্যা প্রকাশের পর বন্ধ হয়ে যায় এবং ১৯০৫ সালে পুনরায় আত্মপ্রকাশ করে। [ ১৯০৫ দ্র° ]

প্রথম বর্ষ, প্রথম সংখ্যা ঃ আষাঢ় ১৩০৫

আমাদের নিবেদন ঃ

হিন্দু মুসলমানে সম্প্রীতি, জাতীয় উন্নতি, মাতৃভাষার সেবাকল্পে এবং কলিকাতার অনাথ-আশ্রমের সাহায্যার্থ "কোহিনূর" প্রচারে ব্রতী হইয়াছি।...

সভ্যতালোকে দেশ আলোকিত হইবার পর কত পত্র কত পত্রিকাই না প্রকাশিত হইল, কিন্তু কেহ কি বলিতে পারেন, বঙ্গীয় কৃতবিদ্য হিন্দু-মুসলমান লেখকগণকে একত্রিত ও একসূত্রে গ্রথিত করিয়া কখন কোন পত্র বা পত্রিকা প্রচারিত হইয়াছে? — তাই আমাদের এই অনুষ্ঠানে নূতন নহে কি?...

আমাদের কথা

আবাহন [ কবিতা ] ঃ [ সম্পাদক ]

সংস্কার ও সংস্কারক ঃ শ্রীগোপালচন্দ্র সাহিত্যবিশারদ

রূপের পূজা ঃ শ্রীশশিভূষণ মুখোপাধ্যায়

কাব্যে অরুচি ঃ শ্রীকৃষ্ণগোপাল চক্রবর্ত্তী

দোষ কার? ঃ শ্রীসতীশচন্দ্র মজুমদার

গ্লাডস্টোন ও তাঁহার ধর্ম্মপিপাসা ঃ শ্রীসুরেন্দ্রনাথ গোস্বামী

হিন্দু প্যাথলজি বা দোষ সংপ্রাপ্তি ঃ ঐ

---

১। বিস্তৃত আলোচনার জন্য আবদুল কাদির, "কোহিনূর", পূবালী, পৌষ ১৩৬৮ দ্রষ্টব্য।

মোসলেম সমাজ সংস্কার ( বিধবাবিবাহ ) ঃ মহঃ রেয়াজউদ্দিন আহমদ

কবিতাকুঞ্জ ঃ—

কোহিনুর ঃ মোজাম্মেল হক

কে ঃ শ্রী কায়কোবাদ

জননী জনক ও জগদীশ ঃ শ্রীসুরেন্দ্রনাথ গোস্বামী

খুকুরানী ঃ শ্রীযোগেন্দ্রনাথ মজুমদার

চুম্বন ঃ শ্রীযদুনাথ চক্রবর্ত্তী

চোক গেল ঃ শ্রীললিতমোহন বিশ্বাস

বালকের বিলাপ ঃ ওসমান আলি, বি· এল.

প্রথম বর্ষ, দ্বিতীয় সংখ্যা ঃ শ্রাবণ ১৩০৫ *

মহর্ষি আবু হেফস ঃ মোজাম্মেল হক

মোসলেম সমাজ-সংস্কার ঃ মহঃ রেয়াজউদ্দীন আহমদ

মহাশ্মশান [ কাব্য ] ঃ শ্রীকায়কোবাদ

কবিতাকুঞ্জ ঃ কায়কোবাদ, মোজাম্মেল হক, সেখ ওসমান আলি

প্রথম বর্ষ, তৃতীয় সংখ্যা ঃ ভাদ্র ১৩০৫

সৎপ্রসঙ্গ ঃ মীর মশাররফ হোসেন

"হিন্দু মুসলমানে বিবাদ" কি লইয়া বিবাদ ? কিসের জন্য বিবাদ ?··· সামান্য চৌকিদারের চক্ষু রাঙ্গানী পর্ব্বে হিন্দু মুসলমান একইভাবে থতমত, অগ্রের পদ পশ্চাতে স্থাপিত। লালপাগড়ি নয়নে পড়িলেই আড়ষ্ট। দারোগার নাম শুনিলে হয়ত পেটের ভাত চা'লে পরিণত। গোরা-পল্টনের নামে প্রায় জ্ঞানহত! বঙ্গে সাহস ও বলবীর্য্যে উভয় জাতিই প্রায় সমান! এ অবস্থায় বিবাদ-বিসম্বাদ, মনান্তর কথাটা, খোসগল্পের এক অঙ্গ ভিন্ন আর কি বলা যায় ? ··· হিন্দু মুসলমান উভয়ে ব্রিটীশ সিংহের পদপ্রসাদ ভিখারী। উভয়েই নতশিরে, ভক্তিসহকারে চির আজ্ঞাকারী [ আজ্ঞাবাহী ]। ...

যেমন ভ্রাতায় ভ্রাতায় বিবাদ, আত্মীয় স্বজনে কলহ, পাড়া-প্রতিবাসীর সঙ্গে মেয়েলী ঝগড়া। যেমন এ পাড়ায় ও পাড়ায় দলাদলি, হরিসভা ব্রাহ্ম

* এই সংখ্যা থেকে নির্বাচিত রচনার তালিকা দেওয়া হল।

সভায় বচসা। যেমন সাহিত্য সমিতি ও জাতীয় সমিতির মধ্যে মর্ম্মগত, আত্মগত, ব্যক্তিগত, অব্যক্ত মনোমালিন্য। যেমন শাক্ত বৈষ্ণবে দ্বন্দ্ব, লিবারেল কন্‌যারবেটিভে মনান্তর। বিচারগৃহে বাদী-প্রতিবাদী উভয়পক্ষের মোক্তারদলের কর্কশভাব, রোষের লক্ষণ। যেরূপ চির ভালবাসা স্বামী স্ত্রীর সামান্য কোন কথায় মনোভঙ্গ; —অভিমানের সমাবেশ! ...

এই ত বিবাদ! তুমি কলাপাতার যে দিক পরিশুদ্ধ জ্ঞান কর, আমি সেদিক ঘৃণা করি। আমি তোমার তক্তাপোষের নিকট যেই গিয়াছি, অম্‌নি তোমার হুঁকোর জল কি যেন হইয়াছে! ...

কথাতেই কথা আইসে। আমাদের মধ্যে আজকাল একদল লোক মাথা তোলা দিয়াছেন। ইঁহারা রাজপ্রসাদভোগী নূতন চাকুরীয়া। ইঁহাদের আক্ষেপ এই যে কাচারীময় সকলেই হিন্দু। উপার্জ্জন, উন্নতি আমাদের একেবারেই নাই। সকলেই আপন আপন জাতীয় টান টানিয়া থাকেন। কথা মিথ্যা নহে। ...

...সবে ধন এক নীলমণি "সুধাকর"[১] পত্রিকা, যাহা আজকাল বহুবাজার মেটকাফ স্ট্রীট হইতে বাহির হইতেছে, তাহার সহকারী সম্পাদক বা প্রবন্ধ লিখক বেতনভোগী হিন্দু। হিসাবরক্ষক বা কেরাণী, তিনিও হিন্দু। মুসলমান জমীদারদের কার্য্যকারকগণের প্রায় সকলেই হিন্দু। ....

কি বলিয়া স্বীকার করিব, এ অবস্থায় কোন্ মুখে বলিব যে, হিন্দুর সহিত মুসলমানের বিবাদ?

তপস্বী ফজিল আয়াজ : মোজাম্মেল হক

প্লেভনা-ক্ষেত্রে মহাবীর মার্শাল (মশির) গাজী ওসমান পাশা :
মহম্মদ রেয়াজ উদ্দিন আহমদ

মহাশ্মশান [ কাব্য ] : কায়কোবাদ

প্রথম বর্ষ, চতুর্থ সংখ্যা : আশ্বিন ১৩০৫

প্লেভনা-ক্ষেত্রে ··· ওসমান পাশা : মহঃ রেয়াজউদ্দিন আহদ

মহাশ্মশান : কায়কোবাদ

কবিতাকুঞ্জ : নিশীথে — শ্রীজমিরুদ্দীন সেখ, এইচ, জি, আর[২]

১। মিহির ও সুধাকর।

২। ইসলাম প্রচারক মুন্সী শেখ জমিরুদ্দীন (গাঁড়াডোব, নদীয়া)।

**প্রথম বর্ষ, পঞ্চম সংখ্যা ঃ কার্ত্তিক ১৩০৫**

নীতিবার্ত্তা ঃ সম্পাদক

মহাশ্মশান ঃ কায়কোবাদ

কবিতাকুঞ্জ ঃ—

প্রেম ঃ মোজাম্মেল হক

কেন তবে ! ঃ মহম্মদ আবুল হোসেন

মতামত ঃ

১। অভিনয়

২। তৈল

**প্রথম বর্ষ, ষষ্ঠ সংখ্যা ঃ অগ্রহায়ণ ১৩০৫**

অপূর্ব ধর্ম্মজীবনলাভ ঃ মোজাম্মেল হক

যুবরাজ মহম্মদ আজিমের প্রতি আয়েষা ঃ সৈয়দ এমদাদ আলী

নিয়তি কি অবনতি। [বা] নানা ও নাতি ঃ মীর মশাররফ হোসেন

( সম্পূর্ণ সত্যঘটনামূলক জীবন্ত উপন্যাস ! )

... নানা অতি বিচক্ষণ ; বিদ্যাবুদ্ধিতেও দেশের মধ্যে অদ্বিতীয়। বয়সেও প্রাচিন, সংসার লীলাতেও পরিপক্ক সোল আনা, এ অবস্থায়, —এ বয়সে ঐ রূপ আমোদই বা কেন ? নাতী যাহা বলে তাহাই করেন, কে বলিবে তাঁহার মনে কি জাগে ! — তিনি বালক নহেন— তাঁহার বয়স ৬০ বৎসরের উপর। তিনি জমিদারী বিষয়কার্য্য এত বোঝেন যে, আমরা যে সময়ের কথা কহিতেছি — সে সময় তাহার মত একজন শিক্ষিত জমিদার বঙ্গদেশে অতি কমই দেখা যাইত, নিজ ক্ষমতায় — নিজে জমিদারী হস্তে লইয়া কম হইলেও এক কোটী টাকা মজুদ করিয়াছেন। ...

মহাশ্মশান ঃ কায়কোবাদ

**১৮৯৯ প্রচারক ( মাসিক )**

**সম্পাদক ঃ মধু মিয়া**[১]

১। সাময়িক পত্র, ২ ঃ ৭৯

১৮৯৯ **হিতকরী** **( পাক্ষিক )** **[ নব পর্যায় ]**

সম্পাদক ঃ মীর মশাররফ হোসেন ও এস. কে. এম. মহম্মদ রওশন আলী চৌধুরী

১৮৯৯ **ইসলাম** **( মাসিক )**

ম্যানেজার ঃ আবদর রসিদ[১]

১৮৯৯ **( জুলাই )** **ইসলাম প্রচারক** **( মাসিক )** **[ নব পর্যায় ]**

সম্পাদক ঃ মোহাম্মদ রেয়াজুদ্দীন আহমদ

"ইসলাম ধর্মনীতি, সমাজনীতি, ইতিহাস ও সাহিত্য বিষয়ক মাসিক পত্রিকা।" ৪নং কড়েয়া গোরস্থান রোড, কলিকাতা থেকে প্রকাশিত ও রেয়াজ-উল-ইসলাম প্রেস, ৪নং কড়েয়া গোরস্থান রোড, থেকে মুদ্রিত। প্রতি সংখ্যার মূল্য ⁄১০। [ সাধারণতঃ প্রতি সংখ্যার পৃষ্ঠা সংখ্যা ৩২ । ]

তৃতীয় বর্ষ, প্রথম সংখ্যা ঃ জুলাই ১৮৯৯

আত্ম-নিবেদন ঃ সম্পাদক ঃ

...আজ আমরা পুনরায় "ইসলাম প্রচারক" প্রকাশে প্রবৃত্ত হইলাম। কতকগুলি গুরুতর কারণ পরম্পরায়, এই সর্ব্বজনপ্রিয় পত্রিকাখানি এতদিন বন্ধ ছিল। ... এক শ্রেণীর লোক ভাল বাঙ্গালা জানা, আর এক শ্রেণীর লোক সাধারণ বাঙ্গালা জানা। সাধারণ বাঙ্গালা জানা লোকের সংখ্যাই অধিক। ইঁহারা বিশুদ্ধ বাঙ্গালা ভাষা ভালরূপে বুঝিতে পারেন না বলিয়া, বিশুদ্ধ ভাষার পত্রিকাদি গ্রহণ করিতে কুণ্ঠিত হন। এই শ্রেণীর উদ্যোগী পুরুষগণ "ইসলামী বাঙ্গালা" অর্থাৎ মুসলমানী পুথিগুলির ভাষা খুব বুঝিতে পারেন ও পসন্দ করেন। ...

১। সাহিত্যপঞ্জিকা, পৃ ১৪১ ; ন্যায়রত্ন, পৃ ৩৫৯।

জাতীয় উন্নতি বিধানের উপায় ঃ সম্পাদক
আল্-মামুন ঃ মুন্সী আবদুল আলা
কেয়ামত বৃত্তান্ত ঃ মোহাম্মদ এব্‌রার আন্‌সারী
দিল্লীর কুতুব মিনার ঃ মৌলভী মোখলেছর রহমান চৌধুরী বি, এ,
বাইবেল আপনি আপনার বিরুদ্ধে ঃ শেখ জমিরুদ্দীন
একটী মহাকাব্য ঃ তবিলল কামৎ
নুরজাহান বেগম ঃ মৌলবী কাজী নওয়াবউদ্দীন আহমদ
এব্‌নে হাজর আস্কোলানী ঃ মৌলবী আলাউদ্দীন আহমদ
লিভারপুলের নবদীক্ষিত মুসলমান ঃ সম্পাদক

তৃতীয় বর্ষ, দ্বিতীয় সংখ্যা ঃ আগষ্ট ১৮৯৯

আল-মামুন ঃ মুন্সী আবদুল আলা
নুরজাহান বেগম ঃ মৌলবী কাজী নওয়াবউদ্দীন আহমদ
গোলেস্তাঁর বঙ্গানুবাদ ঃ মুন্সী আবদুল লতিফ
প্রভু যীশুখ্রীষ্ট কে ? ঃ মুন্সী শেখ জমিরুদ্দীন
দেবাসুরের যুদ্ধ ঃ মুন্সী দেরাজউদ্দীন আহমদ
বঙ্গ ও বিহার বিজয় ঃ মুন্সী মোহাম্মদ এসমাইল হোসেন
লিভারপুলের নবদীক্ষিত মুসলমান ঃ সম্পাদক
মহাত্মা জোনন্নুন মিসরী ঃ কবিবর মুন্সী মোজাম্মেল হক
বয়তুল মোকাদ্দস ঃ মৌলভী আলাউদ্দীন আহমদ
প্যারিসে বিশ্বপ্রদর্শনী ঃ মৌলভী মোহাম্মদ মনিরুজ্জামান

তৃতীয় বর্ষ, তৃতীয় সংখ্যা ঃ সেপ্টেম্বর ১৮৯৯

বয়তুল মোকাদ্দস ঃ মৌলবী আলাউদ্দীন আহমদ
বঙ্গ ও বিহার বিজয় ঃ মুন্সী মোহাম্মদ এসমাইল হোসেন
নুরজাহান বেগম ঃ মৌলবী কাজী নওয়াবউদ্দীন আহমদ
কেয়ামত বৃত্তান্ত ঃ মোঃ এবরার আনসারী
মহর্ষি জোনন্নুন মিসরী ঃ কবিবর মোজাম্মেল হক
বাইবেলে বহুবিবাহ ঃ মুন্সী শেখ জমিরুদ্দীন [১]

১। লেখকের মতে, বাইবেলে বহুবিবাহের অনুমতি পাওয়া যায়।

মৌলানা শিবলীর ভ্রমণ বৃত্তান্ত : সম্পাদক
আল-মামুন : মুন্সী আবদুল আলা
জাতীয় ও ধর্ম্ম-সংবাদ : সম্পাদক

তৃতীয় বর্ষ, চতুর্থ সংখ্যা : অক্টোবর ১৮৯৯
আল-মামুন : মুন্সী আবদুল আলা
নূরজাহান বেগম : মৌলবী কাজী নওয়াবউদ্দীন আহমদ
মহর্ষি জোননুন মিসরী : কবিবর মোজাম্মেল হক
বয়তুল মোকাদ্দস : মৌলবী আলাউদ্দীন আহমদ
কাজীর বিচার : মুন্সী মোহাম্মদ এসমাইল হোসেন
গোলেস্তাঁর বঙ্গানুবাদ : মুন্সী আবদুল লতীফ
মহাবীর দওলতুল গাজী ওসমান পাশা : সম্পাদক
তফসীর হাক্কানীর বঙ্গানুবাদ : মৌলবী আলাউদ্দীন আহমদ
জাতীয় বিবিধ সংবাদ

তৃতীয় বর্ষ, পঞ্চম-ষষ্ঠ সংখ্যা : নভেম্বর-ডিসেম্বর ১৮৯৯
তফসীর হাক্কানীর বঙ্গানুবাদ : মৌলবী আলাউদ্দীন আহমদ
এহ্ইয়া অল অলুমের বঙ্গানুবাদ : কাজী নওয়াজ খোদা
গোলেস্তাঁর বঙ্গানুবাদ : মুন্সী আবদুল লতীফ
জেরুজেলেম বা বয়েতল মোকাদ্দস : মৌলবী আলাউদ্দীন আহমদ
কাজীর বিচার : মুন্সী আবদুল লতীফ
নুরজাহান বেগম : মৌলবী কাজী নওয়াবউদ্দীন আহমদ
মহর্ষি জোননুন মিসরী : মোজাম্মেল হক
বাইবেলে যুদ্ধ ও জীবহত্যা : মুন্সী শেখ জমিরুদ্দীন
চীনে মুসলমান : মুন্সী এমদাদ আলী খান ও সম্পাদক
প্রচারের প্রগলভতা : এবনে মাআজ [১]
শোকোচ্ছ্বাস [ কবিতা ] : মুন্সী মোহাম্মদ ইসমাইল হোসেন সিরাজী [২]

১। শ্রীগোপালচন্দ্র দত্ত সম্পাদিত খৃষ্টধর্মপ্রচারকমূলক পত্রিকায় প্রকাশিত রচনার প্রতিবাদ।
২। গাজী ওসমান পাশার মৃত্যু উপলক্ষে রচিত।

দেমেস্ক-হেজাজ রেলওয়ে ঃ সম্পাদক

প্রাপ্ত গ্রন্থাদির সমালোচনা ঃ সম্পাদক

হজরত ঈসা কে ? শেখ জমিরুদ্দীন প্রণীত। "এই পুস্তকের কিয়দংশ "প্রভু যীশুখ্রীষ্ট কে?" শীর্ষ প্রবন্ধাকারে ইতিপূর্বে "ইসলাম প্রচারকে" বাহির হইয়াছিল।"...

লহরী — মোজাম্মেল হক [সম্পাদিত]। "...লহরীর কবিতাগুলি বড়ই সুমিষ্ট, বড়ই ভাবময়ী। দুঃখের বিষয়, মুসমানদিগের কবিতা ইহাতে অতি অল্পই দৃষ্ট হইতেছে ."...

জাতীয় বিবিধ সংবাদ ঃ সম্পাদক।[১]

তৃতীয় বর্ষ, সপ্তম-অষ্টম সংখ্যা ঃ নভেম্বর ডিসেম্বর [ জানুয়ারী-ফেব্রুয়ারী ] ১৯০০

তফসীর হাক্কানীর বঙ্গানুবাদ ঃ মৌলবী আলাউদ্দীন আহমদ

জেরুজেলেম বা বয়েতুল মোকাদ্দস ঃ মৌলবী আলাউদ্দীন আহমদ

মৌলানা শিবলীর ভ্রমণ বৃত্তান্ত ঃ সম্পাদক

আল-মামুন ঃ মুন্সী আবদুল আলা

বঙ্গ ও বিহার বিজয় ঃ মোহাম্মদ এসমাইল হোসেন

নূরজাহান বেগম ঃ মৌলবী কাজী নওয়াবউদ্দীন আহমদ

এহ্‌ইয়া অল্‌ অলুমের বঙ্গানুবাদ ঃ কাজী নওয়াজ খোদা

বাইবেলে যুদ্ধ ও জীবহত্যা ঃ শেখ জমিরুদ্দীন

অতীত কাহিনী [ সটীক কবিতা ] ঃ মোহাম্মদ এসমাইল হোসেন

[৩০ স্তবকের টীকা :] ভারতবর্ষে নানাজাতীয় বিধর্ম্মীর বাস এবং স্ত্রীগণ অশিক্ষিতা পুরুষগণও চরিত্রবিষয়ে মুসলমানোচিত নহে; এতদ্ব্যতীত সর্ব্বত্রই পাপদৃশ্য, কুৎসিৎ বাক্য, অশ্লীল সঙ্গীত, কুলটা এবং লম্পট যুগের সাতিশয় আবির্ভাব। অধিকন্তু পরিচ্ছদ আদিও মুসলমান সভ্যতানুযায়ী নহে। এজন্য পর্দ্দার একান্ত আবশ্যকতা পরিলক্ষিত হয়।

---

১। অধিকাংশ সময়েই এই বিভাগে তুরস্কের সংবাদ পরিবেশিত হত।

[ এই মন্তব্য সম্পর্কে সম্পাদকের পাদটীকা : ]

অবরোধ-প্রথা সম্বন্ধে আমরা লেখকের সহিত একমত হইতে পারিলাম না। এ সম্বন্ধে গভীর আলোচনার প্রয়োজন।

কনষ্টান্টিনোপলে মহামান্য সুলতানের রৌপ্য জুবিলী উৎসব : সম্পাদক

দেমেস্ক-হেজাজ রেলওয়ে : সম্পাদক

জাতীয় বিবিধ সংবাদ : সম্পাদক

তৃতীয় বর্ষ, নবম-দশম সংখ্যা : মার্চ্চ-এপ্রেল ১৯০০

তফসীর হাক্কানীর বঙ্গানুবাদ : মৌলবী আলাউদ্দীন আহমদ

নূরজাহান বেগম : মৌলবী কাজী নওয়াবউদ্দীন আহমদ

মৌলানা শিবলীর ভ্রমণবৃত্তান্ত : সম্পাদক

মুসলমান শিক্ষার পূর্বতন নিদর্শন : মৌলবী মোহাম্মদ মনিরুজ্জামান

মিহির ও সুধাকরের রুচিবিকার : এবনে মাআজ

মিহির ও সুধাকর মুসলমানদিগের একমাত্র জাতীয় সাপ্তাহিক সংবাদ-পত্র।— বলা বাহুল্য কাগজখানি বঙ্গীয় মুসলমান সমাজের মুখপত্র।... স্বর্গীয় মৌলভী মেয়রাজউদ্দীন আহ্‌মদ সাহেব এবং সুধাকরের অন্যান্য প্রতিষ্ঠাতাগণ সমাজের উপরোক্তরূপ দুর্গতি অনুভব করিয়া, মুসলমান-দিগকে ধর্ম্মপথের পান্থ করণোদ্দেশে, এই কাগজখানি বাহির করেন। যদিও এই কাগজখানির মালিকি স্বত্ব পুনঃ পুনঃ হস্তান্তরিত হয়, তবু ইহা কখনও স্বীয় পবিত্র উদ্দেশ্য বিস্মৃত কিম্বা লক্ষ্য-ভ্রষ্ট হয় নাই। পূর্ব্ব স্বত্বাধিকারিদিগের হস্ত হইতে হাইকোর্টের স্বনামখ্যাত উকীল মৌলভী সেরাজুল ইসলাম খান বাহাদুরের হস্তে ইহার কর্ত্তৃত্বভার অর্পিত হইলেও, মূল উদ্দেশ্য পূর্ববৎ অক্ষুন্ন থাকে। হাইকোর্টের সুবিখ্যাত উকীল মৌলভী সৈয়দ সামসুল হোদা এম-এ, বি-এল সাহেব ইহার কর্ত্তৃত্বভার গ্রহণ করিলেও, ইহার মূল নীতির কোন পরিবর্তন হয় না। তৎপর আর একজন ভদ্রলোক ৩।৪ বৎসর কাল ইহার স্বত্বাধিকারীরূপে বিরাজ করেন; তৎকালেও পূর্ব্ব নীতির অনুসরণ করা হয়। অবশেষে বঙ্গ-বিখ্যাত স্বধর্ম্ম-পরায়ণ সাহিত্যানু-

রাগী জমীদার মাননীয় সৈয়দ নওয়াব আলী চৌধুরী সাহেব "মিহির ও সুধাকর" নাম দিয়া, ইহা নূতনভাবে বাহির করেন। তখনও আমরা সেই মূল উদ্দেশ্যের কোনও রূপ ব্যতিক্রম দেখিতে পাই নাই। · তিনি মিহির ও সুধাকরের জন্য এ পর্য্যন্ত কয়েক সহস্র টাকা ক্ষতি সহ্য করিয়াছেন।...

সুধাকরের উৎপত্তিকাল হইতে এতাবৎকাল মুসলমান সম্পাদক কর্ত্তৃকই ইহা সম্পাদিত হইয়া আসিতেছে।...সুধাকর সৃষ্টির সময় হইতে বেশ্যাদিগের দ্বারা অভিনীত থিয়েটারের ঘোর প্রতিবাদী। এজন্য এই কাগজে কখনও থিয়েটারের বিজ্ঞাপন প্রকাশিত হয় নাই।...

আজ আমরা নিতান্ত আক্ষেপের সহিত প্রকাশ করিতেছি যে, বঙ্গীয় মুসলমান সমাজের মুখপত্র "মিহির ও সুধাকর" আপনার চিরন্তন পবিত্র প্রথার ব্যতিক্রম করিয়া থিয়েটারের কলুষিত বিজ্ঞাপন বক্ষে ধারণপূর্বক, আমাদিগকে স্তম্ভিত করিয়াছে। কেবল তাহাই নহে, থিয়েটারের 'লম্বা চওড়া' সমালোচনা বাহির করিয়া, মুসলমান গ্রাহক পাঠকদিগকে ভীষণ নরকের দিকে আহ্বান করিতেছে।... সম্পাদক একজন বঙ্গ-বিদিত স্বধর্ম্মানুরাগী সুযোগ্য মুসলমান।...এরূপ ঘটনার জন্য কে দায়ী, কাহার দোষে মিহির ও সুধাকর এরূপ ঘৃণিত আবর্জ্জনা বক্ষে ধারণ করিয়া, মুসলমানদিগের সর্ব্বনাশ করিতে বসিয়াছে ইহা জানিবার জন্য অনেকেই কৌতূহলাক্রান্ত। আমরা ত স্বত্বাধিকারী ও সম্পাদককে ইহার জন্য দায়ী করিতেছি।... বিজ্ঞ সম্পাদক সাহেব ইহার কি কৈফিয়ৎ দেন, দেখা যাউক।

মালাবারে ইসলাম প্রচার : মোহাম্মদ এসমাইল হোসেন সিরাজী
শুভ রাজ-সম্মিলন : সম্পাদক
জেরুজেলেম বা বয়তুল মোকাদ্দস : মৌলবী আলাউদ্দীন আহমদ
উদ্গাথা [কবিতা] : মোহাম্মদ এসমাইল হোসেন সিরাজী
প্রচারকদিগের প্রচার সংবাদ : সম্পাদক[১]

১। ২৮শে আশ্বিন থেকে ৮ই পৌষ পর্যন্ত নদীয়া ও যশোরের বিভিন্ন জায়গায় মেহেরুল্লাহ্-জমিরুদ্দীনের ধর্মপ্রচারের বিবরণ।

আল-মামুন ঃ সম্পাদক
''সোবহান তেরা কোদরত'' ঃ মুনশী আবদুল লতীফ
বাইবেলে যুদ্ধ ও জীবহত্যা ঃ শেখ জমিরুদ্দীন
দেমেস্ক-হেজাজ রেলওয়ে ঃ [ সম্পাদক ]
প্রচারকের অপূর্ব্ব প্রলাপ ঃ এবনে মাআজ
জাতীয় বিবিধ সংবাদ ঃ [ সম্পাদক ]

তৃতীয় বর্ষ, একাদশ-দ্বাদশ সংখ্যা ঃ মে-জুন ১৯০০
তফসীর হক্কানীর বঙ্গানুবাদ ঃ মৌলবী আলাউদ্দীন আহমদ
এহ্ইয়া-অল্-অলুমের বঙ্গানুবাদ ঃ কাজী নওয়াজ খোদা
বাইবেলে যুদ্ধ ও জীবহত্যা ঃ শেখ জমিরুদ্দীন
মৌলানা শিবলীর ভ্রমণবৃত্তান্ত ঃ সম্পাদক
তাম্বুতে তিন দিন ঃ সম্পাদক
নূরজাহান বেগম ঃ মৌলবী কাজী নওয়াবউদ্দীন আহমদ
বয়তুল মোকাদ্দস ঃ মৌলবী আলাউদ্দীন আহমদ
গুরু-মাহাত্ম্য ঃ মুনশী আবদুল লতীফ
শোক-লহরী ঃ মুনশী মোহাম্মদ এসমাইল হোসেন সিরাজী[১]
ইসলাম-দর্শন ঃ মৌলভী আলাউদ্দীন আহমদ
মালাবারে ইসলাম-প্রচার ঃ মোহাম্মদ এসমাইল হোসেন সিরাজী
হজরত ওমরের প্রজাবৎসলতা ও কর্ত্তব্যনিষ্ঠা ঃ
মুনশী আশরফ মতিয়র রহমান পারিলী
দেমেস্ক-হেজাজ রেলওয়ে
জাতীয় বিবিধ সংবাদ

চতুর্থ বর্ষ, প্রথম-দ্বিতীয় সংখ্যা ঃ জুলাই-আগস্ট ১৯০১
তফসীর হক্কানীর বঙ্গানুবাদ ঃ মৌলবী আলাউদ্দীন আহমদ
ইসলাম-দর্শন ঃ মৌলবী আলাউদ্দীন আহমদ
নূরজাহান বেগম ঃ মৌলবী কাজী নওয়াবউদ্দীন আহমদ

১। মহারানী ভিক্টোরিয়ার মৃত্যু উপলক্ষে লিখিত কবিতা

আল-মামুন ঃ সম্পাদক

পবিত্র নিদর্শন ঃ সম্পাদক

তীব্বতের মুসলমান ঃ সম্পাদক

পূর্ব্বস্মৃতি — কুতবুদ্দীন আয়বক ঃ মুনশী মোহাম্মদ নজিবর রবমান

বয়তুল মোকাদ্দস ঃ মৌলবী আলাউদ্দীন আহমদ

মুসলমান জাতির বর্ত্তমান অবস্থা ঃ মোহাম্মদ এসমাইল হোসেন সিরাজী

উচ্ছ্বাস [ কবিতা ] ঃ মোহাম্মদ এসমাইল হোসেন সিরাজী

এহ্ইয়া অল্‌-অলুমের বঙ্গানুবাদ ঃ কাজী নওয়াজ খোদা

তাম্বুতে তিন দিন ঃ সম্পাদক

দেমেস্ক-হেজাজ বেলওয়ে ঃ সম্পাদক

জাতীয় বিবিধ সংবাদ ঃ সম্পাদক

চতুর্থ বর্ষ, তৃতীয়-চতুর্থ সংখ্যা ঃ সেপ্টেম্বর-অক্টোবর ১৯০১

তফসীর হক্কানীর বঙ্গানুবাদ ঃ মৌলবী আলাউদ্দীন আহমদ

ইসলাম দর্শন ঃ মৌলবী আলাউদ্দীন আহমদ

মৌলবী নৈমুদ্দীন সাহেবের জীবনী ঃ মুন্সী শেখ জমিরুদ্দীন [১]

আবুল ফজল আল্লামা ঃ মুন্সী শেখ ফজলল করিম

পারস্য কবিদ্বয়ের বিবরণ ঃ মুন্সী শেখ জমিরুদ্দীন [২]

আমি কি পাগল [ কবিতা ] ঃ মৌলবী ওসমান আলী, বি এল

জেবন্নেসা বেগম ঃ মুন্সী আবদুল আলা

জরুজেলেম বা বয়তুল মোকদ্দস ঃ মৌলবী আলাউদ্দীন আহমদ

স্বাধীন চিন্তাশীলতা ঃ মুন্সী মোহাম্মদ এসমাইল হোসেন সিরাজী[৩]

আনন্দিকা [কবিতা] ঃ মুন্সী মোহাম্মদ এসমাইল হোসেন সিরাজী

প্রকৃত বাইবেলের কি অস্তিত্ব আছে ? ঃ মুন্সী শেখ জমিরউদ্দীন

---

১। মুন্শী নঈমুদ্দীন। পিতা খোন্দকার রোকানুদ্দীন। জন্ম ১২৪৪ বঙ্গাব্দ।

২। হাফেজ ও সাদী সম্পর্কে আলোচনা।

৩। "কনিষ্ঠ ভ্রাতার রচনা সংশোধনপূর্ব্বক"।

অল অজহহ ঃ 'ভারতী' হইতে উদ্ধৃত

মরতজা-চরিত : মুন্সী আবদুল লতিফ

দেমেস্ক-হেজাজ রেলওয়ে ঃ সম্পাদক

সায়ং চিন্তা ঃ মৌলবী নওসের আলী খান ইউসফজী

ধৰ্ম্ম ও জাতীয় সংবাদ ঃ সম্পাদক

প্রাপ্ত গ্রন্থাদির সমালোচনা ঃ সম্পাদক ও পারিলী

তুরস্কের সুলতান মহামান্য আবদুল হামীদ খানের পঞ্চবিংশতি বাৎসরিক কার্যবিবরণী। মনিরুজ্জামান ইসলামাবাদী সঙ্কলিত।...

তৃষ্ণা — সেখ ফজলল করিম। "প্রতি ছত্রে নবীন কবির প্রতিভা বিচ্ছুরিত হইতেছে।"

চতুর্থ বর্ষ, পঞ্চম-ষষ্ঠ সংখ্যা ঃ নভেম্বর-ডিসেম্বর ১৯০১

তফসীর হক্কানীর বঙ্গানুবাদ ঃ মৌলবী আলাউদ্দীন আহমদ

শিশুর আত্মসম্মান ঃ মুন্সী মোহাম্মদ নজিবর রহমান

জেবন্নেছা বেগম ঃ মুন্সী আবদুল আলা

ইঞ্জীল কেতাব ঃ শাহ আবদুল্লা [১]

ইসলামের ভবিষ্যত ঃ আবু মোহাম্মদ এসমাইল হোসেন সিরাজী

বোধন গীতি [কবিতা] ঃ আবু মোহাম্মদ এসমাইল হোসেন সিরাজী

বাবু গিরীশচন্দ্র সেনের জীবনী ঃ মুনশী শেখ জমিরুদ্দীন

মানবের প্রতি ঈশ্বরের অসামান্য দয়া ঃ মুনশী আবদুল আলা

ইতিহাসের শিরে ঘাত ঃ নির্ম্মলচন্দ্র ঘোষ

দেমেস্ক-হেজাজ রেলওয়ে ঃ সম্পাদক [২]

[অতিরিক্ত পত্র ঃ সম্পাদকের স্ত্রীবিয়োগে "পারলৌকিক ধর্ম্মানুষ্ঠানে"র বিবরণ]

চতুর্থ বর্ষ, সপ্তম-অষ্টম সংখ্যা ঃ জানুয়ারী-ফেব্রুয়ারি ১৯০২

তফসীর হক্কানীর বঙ্গানুবাদ ঃ মৌলবী আলাউদ্দীন আহমদ

---

১। 'ইঞ্জীল কেতাব' নামক **Christian tract** এর প্রতিবাদ।

২। এই রেলপথের জন্য আমাদের দেশে সংগৃহীত চাঁদার হিসাব।

জোবেদা খাতুনের রোজনামচা : এবনে মাআজ

আর্য্যজাতির ভারতে আগমন : মুনশী দেরাজউদ্দীন আহমদ

মোরতজা-চরিত : মুনশী আবহুল লতিফ

মাতৃভাষা ও জাতীয় উন্নতি : এ, এম, এসমাইল হোসেন সিরাজী

ভাষা মানবজাতির উন্নতির সর্বপ্রধান কারণ। ... পৃথিবীতে যখন যে জাতি গৌরবের পতাকা উড়াইয়াছেন, তখনই দেখিতে পাইবেন, সে জাতি আপনার মাতৃভাষাকে পরিপুষ্ট সমলঙ্কৃত পরিপূর্ণ এবং সমুজ্জ্বল ও সুমার্জ্জিত করিয়াছেন। ... মাতৃভাষা প্রাণের ভাষা—ইহা পবিত্র এবং পূজ্য। ইহার সেবা না করিলে ঘোরতর অধর্ম্ম হয়।

বর্ত্তমান সময়ে বঙ্গীয় মুসলমানদিগের মাতৃভাষা বাঙ্গালায় পরিণত হইয়াছে। ... ভ্রাতঃ বঙ্গীয় মুসলমান! আর নিদ্রিত থাকিও না। বাঙ্গালা ভাষাকে অবহেলা এবং অশ্রদ্ধা না করিয়া ইহার সেবা করিতে প্রবৃত্ত হও। [১]

জেবন্নেসা বেগম : মুনশী আবহুল আলা

মহাকবি সেখ সাদীর জীবনী : মৌলভী আলাউদ্দীন আহমদ

এমাম শহিদ : আবুল মোহাম্মদ এসমাইল হোসেন জিরাজী

আলেকজান্দ্রিয়ার পুস্তকাগার : শ্রীনির্ম্মলচন্দ্র ঘোষ

ইঞ্জীল কেতাব : শাহ্ আবহুল্লাহ্

বোধন-গীতি : আবু মোহাম্মদ এসমাইল হোসেন সিরাজী

হাম্‌দ অর্থাৎ ঈশ্বর-স্তুতি : আজিজন্নেসা খাতুন [২]

প্রচার-সংবাদ : জনৈক পর্য্যটক

...২৮ শে বৈশাখ [ ১৩০৯ ] রবিবার নদীয়া জেলার কুষ্টিয়া মহকুমাস্থ ছাত্র সমিতির ৫ম অধিবেশন উপলক্ষে বিরাট সভা হয়। স্থানীয় ১ম মুন্সেফ বাবু সারদাপ্রসাদ সেন বি-এল মহোদয়, মীর মোহছেন আলি সাহেব ও মুনশী

১। ৭ই বৈশাখ সিরাজগঞ্জ বি. এল. স্কুলের ছাত্র সমিতিতে প্রদত্ত "জ্বলন্ত বক্তৃতা"র সারাংশ।

২। সম্ভবতঃ ইনিই পার্নেলের *Hermit* অনুবাদ করেছিলেন 'হারমিট বা উদাসীন' ( কলিকাতা, ১৯০৬ ) নামে।

মোহাম্মদ রেয়াজুদ্দীন আহমদ সাহেব যথাক্রমে প্রাতে, বৈকালে ও রাত্রিতে সভাপতির আসন গ্রহণ করেন। মুনশী মোহাম্মদ রেয়াজুদ্দীন আহমদ সাহেব, শেখ জমিরুদ্দীন সাহেব, কবিবর মুনশী মোজাম্মেল হক সাহেব, [ প্রচারক-সম্পাদক ? ] মুনশী মযুজুদ্দীন আহমদ সাহেব, মীর মশাররফ হোসেন সাহেব, মৌলভী সাবের আলী সাহেব, মৌলভী সৈয়দ মতুর্জা হোসেন সাহেব, মৌলভী খবীরুদ্দীন আহমদ সাহেব, কোহিনূর-সম্পাদক এস্. কে, এম, মোহাম্মদ রওশন আলী সাহেব, কুষ্টিয়া স্কুলের পার্শিয়ান টীচার মৌলভী ফজলুর রহমান সাহেব ও মুনশী মোহাম্মদ এব্রাহিম সাহেব প্রভৃতি বক্তাগণ বক্তৃতা করিয়াছিলেন।

দেমেস্ক-হেজাজ রেলওয়ে ঃ সম্পাদক[১]

জাতীয় ও ধর্ম্ম সংবাদ ঃ সম্পাদক

প্রভু সমীপে সন্তাপিতের কাতর প্রার্থনা ঃ সম্পাদক

চতুর্থ বর্ষ, নবম-দশম সংখ্যা ঃ মার্চ্চ-এপ্রেল ১৯০২

তফসীর হক্কানীর বঙ্গানুবাদ ঃ মৌলবী আলাউদ্দীন আহমদ

এহ্ইয়া অল্ অলুমের বঙ্গানুবাদ ঃ কাজী নওয়াজ খোদা

ইসাই ও ইসলাম-শাস্ত্র সংঘর্ষ ঃ মুন্সী মোহাম্মদ মেহেরউল্লা

মৃত্যুর ডাক ঃ এস, এম, আবদুল জব্বার

মহর্ষি জোনন্নুন মিসরী ঃ কবিবর মোজাম্মেল হক

মুসলমান বোর্ডিং বা ছাত্রাবাস ঃ এবনে মাআজ

এমাম শহিদ ঃ আবুল মোহাম্মদ এসমাইল হোসেন সিরাজী

বিলাপ ঃ মৌলবী ওসমান আলী বি, এল,

---

১। কলিকাতা হেজাজ রেলওয়ে ফণ্ড কমিটি : সভাপতি — প্রিন্স মোঃ বখতিয়ার শাহ্, সি. আই. ই ( মহিশূরবংশীয় ); সহ-সভাপতি — প্রিন্স মির্জা আসমান জাং বাহাদুর (অযোধ্যাবংশীয়) ; সৈয়দ আমীর হোসেন প্রভৃতি ; সেক্রেটারী — খান বাহাদুর মির্জা সোজাআত আলী সাহেব ; মেম্বার — আবদুর রহিম (প্রেসিডেন্সী ম্যাজিষ্ট্রেট), সৈয়দ শামসোল হোদা, মোহাম্মদ ইউসুফ প্রভৃতি।

মহাকবি শেখ সাদীর জীবনী ঃ মৌলবী আলাউদ্দীন আহমদ

জ্বলন্ত প্রাণ ঃ আবুল মোহাম্মদ এসমাইল হোসেন সিরাজী

আহমদী সঙ্গীত ঃ আবুল মোহাম্মদ এসমাইল হোসেন সিরাজী

আলেকজান্দ্রিয়ার পুস্তকাগার ঃ শ্রীনির্ম্মলচন্দ্র ঘোষ।

ঈদল আজহা ঃ মুন্সী মোহাম্মদ আসাদ আলী

মাসিক সাহিত্য সমালোচনা ঃ এবনে তাজ

প্রচার সংবাদ ঃ জনৈক পর্য্যটক

জাতীয় ও ধর্ম্ম সংবাদ ঃ সম্পাদক

চতুর্থ বর্ষ, একাদশ-দ্বাদশ সংখ্যা ঃ মে-জুন ১৯০২

তফসীর হক্কানীর বঙ্গানুবাদ ঃ মৌলবী আলাউদ্দীন আহমদ

এহইয়া অল্ অলুমের বঙ্গানুবাদ ঃ কাজী নওয়াজ খোদা

ইসলাম দর্শন ঃ মৌলবী আলাউদ্দীন আহমদ

হজরত মোহাম্মদ (দঃ) ও তাঁহার শিক্ষা ঃ শাহ আবদুল্লা

আল মামুন ঃ সম্পাদক

বাঙ্গালী জাতি ও শিবাজী ঃ মৌলবী ওসমান আলী বি, এল,

যীশুখ্রীষ্টের জীবনী সমালোচনা ঃ মুন্সী শেখ ফজলল করিম

চাঁদ সুলতানা ঃ আবুল মোহাম্মদ এসমাইল হোসেন সিরাজী

মহাকবি শেখ সাদীর জীবনী ঃ মৌলবী আলাউদ্দীন আহমদ

মহর্ষি জোনমুন মিসরী ঃ মোজাম্মেল হক

ভগ্নবীণা ঃ মুন্সী শেখ ফজলল করিম[১]

মহম্মদ (দঃ) ঃ মুন্সী আফেরউদ্দীন আহমদ

নাআত ঃ আজিজন্নেসা খাতুন

অনল প্রবাহ ঃ শ্রীজ্ঞানেন্দ্রলাল বসু

প্রচারে "মক্কায় বেগম" ঃ মুন্সী মোহাম্মদ আসাদ আলী

নির্জীব বাঙ্গালী ঃ মোহাম্মদ মোজাম্মেল হক

উত্থান ও পতন ঃ মোহাম্মদ নুরল হক

১। 'ভগ্নবীণা' কাব্যের অবতরণিকা [ গদ্য ]।

স্তোত্র ঃ মোহাম্মদ এসমাইল সিদ্দিকী

দেমেস্ক-হেজাজ রেলওয়ে ঃ সম্পাদক

প্রচার-সংবাদ ঃ জনৈক পর্য্যটক

জাতীয় ও ধর্ম্ম সংবাদ ঃ সম্পাদক

পঞ্চম বর্ষ, প্রথম সংখ্যা ঃ জানুয়ারি ১৯০৩

তফসীর হক্কানীর বঙ্গানুবাদ ঃ মৌলবী আলাউদ্দীন আহমদ

ইতিহাস ক্ষেত্রে মুসলমান ঃমোহাম্মদ মনিরুজ্জামান ইসলামাবাদী

বিলাপ ঃ সৈয়দ আবু মোহাম্মদ এসমাইল হোসেন সিরাজী

মৌলানা শিবলীর ভ্রমণবৃত্তান্ত ঃ সম্পাদক

যোগ-কালন্দর ঃ আবদুল করিম [ সাহিত্যবিশারদ ][১]

সিপাহী যুদ্ধের বীর গাথা ঃ শেখ ফজলল করিম[২]

বঙ্গ-সাহিত্যের মুণ্ডপাত ঃ সমাজ-সেবক উচিত বক্তা

"প্রচারক"[৩] নামক একখানি মাসিক-পত্র আছে। ... বোধহয় কোন অর্ব্বাচীন প্রতারক লোক-সমাজ-সেবার ভাণ করিয়া প্রতারণার জাল বিস্তার করতঃ, দু পয়সা উপার্জ্জন করিবার উপায় করিয়া লইয়াছে।... এক সেখ ফজলল করিম ও সম্পাদক ভিন্ন অন্য সমস্ত লেখকই ইসলাম বিরোধী কোরাণ অবিশ্বাসী হিন্দু।.... সেখ ফজলল করিম সাহেবেরও যে দুইটী প্রবন্ধ প্রচারকে প্রকাশিত হইতেছে, তাহার একটি লায়লী মজনুর প্রেমোপাখ্যান, অপরটী কবির কল্পনাপ্রসূত "পরিত্রাণ কাব্য"। ঐ লায়লী মজনুর প্রেমোপাখ্যান পাঠ করিয়া আমাদের শিক্ষাক্ষেত্রে বহুদূর পশ্চাৎপদ বর্তমান মুসলমান সমাজ কি শিক্ষা পাইবে ?... লায়লীর রূপমাধুরী, অঙ্গসৌষ্ঠব, নয়নভঙ্গী, বিলোম কটাক্ষ, প্রেমকথন ও প্রেমচাতুর্য্য — মজনুর প্রেমাসক্তি

---

১। এই রচনা সম্পর্কে সম্পাদকের টীকা ঃ "লেখক সাহেব আমাদের প্রিয় ব্যক্তি, তিনি যে কার্য্যে হস্তক্ষেপ করিয়াছেন, ইহা অতি মহৎ কার্য্য ; ইহা দ্বারা বঙ্গীয় মুসলমানগণের গৌরব বৃদ্ধি হইবে। কিন্তু ধর্ম্ম সম্বন্ধীয় মতামত প্রকাশে লেখককে একটু ধীর ভাব অবলম্বন করিতে অনুরোধ করি। কারণ ইহা অতি কঠিন ও গুরুতর বিষয়।"

২। কুমার সিংহ সম্পর্কিত হিন্দী ছড়া সংগ্রহ।

৩। ১৮৯৯ দ্র°।

ও প্রেমোন্মত্ততা দ্বারা আমাদের পতিত সমাজে কি উপকার হইবে?... অধুনা আমাদের যে দুই চারিজন নব্য যুবক শিক্ষাক্ষেত্রে প্রবেশ করিতেছেন, ঐরূপ প্রবন্ধ প্রকাশ দ্বারা তাহাদের মাথা খাওয়ার যোগাড় হইতেছে না কি?... তারপর পরিত্রাণ কাব্য। ইহার নাম যেমন কাব্য, প্রকৃতপক্ষে কাব্যই। এ সম্বন্ধে অধিক কিছু বলিতে চাহি না; কেবল মাত্র জিজ্ঞাসা করি, যে বিষয় অবলম্বনে উহা লিখিত হইতেছে, তদ্বিষয়ে[১] অসার কল্পনা-প্রসূত কাব্যাকারে প্রবন্ধ লেখার অধিকার কোন মুসলমানের আছে কি?... বাঙ্গালা ভাষায় সম্পাদকের যেমন অগাধ জ্ঞান, ইংরাজীতেও তেমনি বিদ্যাদিগ্‌গজ মহাপুরুষ।

ধর্ম্মাত্মা হজরত মহম্মদ মস্তফা : জনৈক মহিলা

মাসিক সাহিত্য সমালোচনা : এবনে তাজ

বাঙ্গালা ভাষা ও মুসলমান : আফেরউদ্দীন আহমদ

পঞ্চম বর্ষ, দ্বিতীয় সংখ্যা : ফেব্রুয়ারী ১৯০৩

তফসীর হক্কানীর বঙ্গানুবাদ : মৌলবী আলাউদ্দীন আহমদ

ইসলাম-দর্শন : মৌলবী আলাউদ্দীন আহমদ

ইতিহাসক্ষেত্রে মুসলমান : মোহাম্মদ মনিরুজ্জামান ইসলামাবাদী

আলেকজান্দ্রিয়ার পুস্তকাগার : শ্রীনির্ম্মলচন্দ্র ঘোষ

কোন্‌টি আশ্চর্য্যতর? : ও, আলি বি, এল

যোগ-কালন্দর : আবদুল করিম

রেভঃ ডবলিউ, ডি, মনরো সাহেবের প্রতিবাদের সংক্ষিপ্ত সমালোচনা : শাহ আবদুল্লা

ভগ্নবীণা : শেখ ফজলল করিম[২]

সভ্যতা-শিরষে যে ইসলাম বিরাজে
সে বাদশা-জাতি ফকির সাজে
স্মরিলেও কথা বুকে শেল বাজে
গোলামী হয়েছে জীবনে সার।

১। হজরত মুহম্মদের (দঃ) জীবনী।

২। আট চরণের স্তবকে লেখা কবিতা; মোট স্তবক সংখ্যা ৫৯।

রুদ্রমন্ত্রে নেচে হুহুঙ্কার রবে
আয় আয় তোরা চল্ যাই তবে
ইসলাম-পতন কেমনে দেখিবে
কেন রে বসিয়া রয়েছ আর।

প্রচার-সংবাদ : মোঃ রহমতুল্লা তালুকদার[১]

জাতীয় ও ধর্ম্ম-সংবাদ : সম্পাদক

পঞ্চম বর্ষ, তৃতীয়-চতুর্থ সংখ্যা : মার্চ্চ-এপ্রেল ১৯০৩

তফসীর হক্কানীর বঙ্গানুবাদ : মৌলবী আলাউদ্দীন আহমেদ

ইসলাম দর্শন : মৌলবী আলাউদ্দীন আহমদ

বঙ্গীয় মুসলমান সমাজে নেতার অভাব : সৈয়দ এমদাদ আলী

...কেহ কেহ বলিতে পারেন, আমাদের Muhammedan Literary Society, Central Muhammedan Association প্রভৃতি আছে, এই সভাসমূহের যাঁহারা নেতা, তাঁহারা যদি একযোগ হইয়া কার্য্য করেন, তবেই ত আমাদের নেতার অভাব পূর্ণ হয়। আমরা বক্ষ্যমান প্রবন্ধের পুরোভাগে যেরূপ আদর্শ নেতার কথা বলিয়াছি [ সবাই যার নেতৃত্ব স্বীকার করে ], এই সমুদয় সমিতিতে কি তেমন কোন নেতা আছেন ? যদি তেমন কেহ থাকিয়া থাকেন, তিনি সাহসে ভর করিয়া অগ্রসর হউন এবং সমগ্র বঙ্গীয় মুসলমান সমাজের আনন্দ কোলাহলের মধ্যে নেতার আসন গ্রহণ করুন। ...সর্ব্বসাধারণের সঙ্গে যে নেতা প্রাণ খুলিয়া মিশিতে পারেন না, তিনি আবার কিসের নেতা ? আমরা সমগ্র বঙ্গদেশে[র] জন্য একজন Recognised Leader চাই। সকলেই আজ্ঞাকারী, কেহই আজ্ঞাধীন নহেন, এমন বহু নেতার আমাদের বিন্দুমাত্র আবশ্যক নাই।...

মোরতজা-চরিত : মুনশী আবদুল লতিফ

মহাকবি সেখ সাদীর জবনী : মৌলভী আলাউদ্দীন আহমদ

আলেকজান্দ্রিয়ার পুস্তকাগার : শ্রীনির্ম্মলচন্দ্র ঘোষ

টমাস কার্লাইল ও ইসলাম : শেখ জমিরউদ্দীন

---

১। সিরাজী ও ইসলামাবাদীর বক্তৃতার বিবরণ।

বোগদাদ-চিত্র ঃ মোহাম্মদ এসমাইল হোসেন সিরাজী

প্রতিবাদের সংক্ষিপ্ত সমালোচনা ঃ শাহ আবদুল্লা

নহরে জোবেদার সংক্ষিপ্ত বিবরণ ঃ মোহাম্মদ মনিরুজ্জামান ইসলামাবাদী

অপূর্ব্ব ধর্ম্মজীবন লাভ ঃ শ্রীমোজাম্মেল হক

সম্রাট আওরঙ্গজেব ও সত্নরামী বিদ্রোহ ঃ ওসমান আলী বি, এল,

উন্নতির উপায় কি ? ঃ শেখ ফজলল করিম

…"পতিত মুসলমান" নামটা আমরা অনেকদিন হইতেই পাইয়াছি। কবির কাব্যে, বক্তার গলাবাজীতে, লেখকের মসীলেপনের আড়ম্বরে এবং সমাজের সাধারণ অবস্থা পর্য্যালোচনা করিতে করিতে ধারণাটাও জন্মিয়া গিয়াছে কিন্তু কথা হইতেছে, — এ "পতিত" নামটা আর কতদিন থাকিবে ? — এখন কেমন করিয়া আমাদের উন্নতির পথ প্রশস্ত হইবে, — তাই।…

বঙ্গ-সাহিত্যের মুণ্ডপাত ঃ সমাজ-সেবক উচিত বক্তা

দেমেস্ক-হেজাজ রেলওয়ে ঃ সম্পাদক

জাতীয় ও ধর্ম্মসংবাদ

প্রাপ্ত গ্রন্থের সমালোচনা

পঞ্চম বর্ষ, পঞ্চম-ষষ্ঠ সংখ্যা ঃ মে-জুন ১৯০৩

তফসীর হক্কানীর বঙ্গানুবাদ ঃ মৌলবী আলাউদ্দীন আহমদ

মহাকবি শেখ সাদীর জীবনী ঃ মৌলবী আলাউদ্দীন আহমদ

মোরতজা-চরিত ঃ মুনশী আবদুল লতিফ

বজ্রধ্বনি [ কবিতা ] ঃ সৈয়দ এসমাইল হোসেন সিরাজী

খলিফাদিগের ইতিহাস ঃ মৌলবী আলাউদ্দীন আহমদ

একটী সমাজ-চিত্র ঃ এবনে মাআজ

ইতিহাসক্ষেত্রে মুসলমান ঃ মোহাম্মদ মনিরুজ্জামান ইসলামাবাদী

উন্নতির উপায় কি ? ঃ শেখ ফজলল করিম

নির্জ্জনতা [ কবিতা ] ঃ ও, আলি

প্রচার-সংবাদ ঃ জনৈক পর্য্যটক

জাতীয় ও ধর্ম্ম সংবাদ

বিগত ২২শে আষাঢ় মঙ্গলবার প্রাতঃ ৮ ঘটিকার সময় কলিকাতা সিন্দুরিয়া পটীর সুবিখ্যাত পুস্তক বিক্রেতা হাজী মুন্সী মোহাম্মদ মেহেরুল্লা সাহেব ··· পরলোক গমন করিয়াছেন। গত বৎসর হাজী সাহেবের মধ্যমা কন্যার সহিত শেখ জমিরুদ্দীন সাহেবের শুভবিবাহ হইয়াছিল।...

পঞ্চম বর্ষ, সপ্তম-অষ্টম সংখ্যা : জুলাই-আগষ্ট ১৯০৩

তফসীর হক্কানীর বঙ্গানুবাদ : মৌলবী আলাউদ্দীন আহম্মদ

মহাকবি শেখ সাদীর জীবনী : মৌলবী আলাউদ্দীন আহমদ

তুরষ্ক, ইংলণ্ড ও রুসিয়া : সম্পাদক

আল-মামুন : সম্পাদক

আমাদের কর্ত্তব্য : আবদুল করিম

প্রতিবাদের সংক্ষিপ্ত সমালোচনা : শাহ আবদুল্লা

মুসলমান সমাজে স্ত্রীজাতির প্রতি ভীষণ অত্যাচার : শেখ জমিরুদ্দীন

প্রার্থনা ; শারদ-পূর্ণিমা [ কবিতা ] : এস, এসমাইল হোসেন সিরাজ

প্রাথমিক মুসলমানদের জ্ঞানচর্চ্চা ও মুসলমান সুধীমণ্ডলী : সৈয়দ এসমাইল হোসেন সিরাজী

ঈর্ষা ও পরশ্রীকাতরতার উজ্জ্বল চিত্র : এবনে হামিদ

বঙ্গীয় মুসলমানদের মধ্যে বাঙ্গালা লেখকের সংখ্যা সর্ব্বশ্রেণীর মিলাইয়া এখনও বোধহয় একশত পূর্ণ হয় নাই। এইরূপ পাঠকের সংখ্যাও দ্বিসহস্রাধিক আছে কিনা সন্দেহ। তবুও দশ বিশ বৎসর পূর্ব্বের সহিত তুলনা করিলে, মুসলমানগণ বাঙ্গালা সাহিত্যক্ষেত্রে কিয়ৎ পরিমাণ অগ্রসর হইয়াছেন বলিতে হইবে।...

আমাদের মধ্যে কোনও কোনও লেখকের ইচ্ছা যে, তাঁহারাই চিরদিন লেখকের প্রধান আসন অধিকার করিয়া থাকেন। তাঁহারাই প্রধান সাহিত্য-বিদ, তাঁহারাই প্রধান কবি, তাঁহারাই প্রধান ঐতিহাসিক ; আর যত নূতন লেখক — তাঁহারা কিছুই নয়, সুতরাং তাহাদিগকে অগ্রসর হইতে দেওয়া হইবে না। ... উপরোক্ত লেখকগণ নবীন লেখকদিগকে

অন্যায়রূপে আক্রমণ করিতে প্রবৃত্ত হইয়াছেন। "মিহির ও সুধাকর" তাঁহাদের সহায় হইয়া, ঐ সকল অন্যায় প্রতিবাদে স্বীয় বিশাল দেহ অলঙ্কৃত (?) করিতেছেন।[১]

বঙ্গীয় প্রাদেশিক মুসলমান শিক্ষা সমিতি ঃ এস, ডব্লিউ, হোসেন, বি-এল

আমাদের জাতীয় ও ধর্ম্ম সংবাদ

পঞ্চম বর্ষ, নবম-দশম সংখ্যা ঃ সেপ্টেম্বর-অক্টোবর ১৯০৩

তফসীর হক্কানীর বঙ্গানুবাদ ঃ মৌলবী আলাউদ্দীন আহমদ

বঙ্গীয় প্রাদেশিক মুসলমান শিক্ষা-সমিতি ঃ এস, ডব্লিউ, হোসেন

---

১। ১৩১০ সালের ১১ই ও ২৫শে ভাদ্র তারিখের 'মিহির ও সুধাকরে' যথাক্রমে "স্পষ্টবাদী" ও "ক্ষুদ্রকায় উল্কা" ছদ্মনামে কেউ এসমাইল হোসেন সিরাজীর "বজ্রধ্বনি" কবিতার (ইসলাম প্রচারক, মে-জুন ১৯০৩) বিদ্রূপাত্মক সমালোচনা করেন। এবনে হামিদ তারই প্রতিবাদ করেছেন। এ প্রসঙ্গে 'মিহির ও সুধাকর' সমালোচনা থেকে তিনি যে সব অংশ উদ্ধৃত করেছেন, তা কৌতূহলোদ্দীপক। 'মিহির ও সুধাকরে' বলা হয় :

"অনুন্নত ইসলাম সমাজের উন্নতি সাধিত হয়, ইহা সকলেরই আন্তরিক কামনা। সেই উন্নতি করিতে গিয়া যিনি প্রকৃত আদর্শরূপে দণ্ডায়মান হন, তিনি সমাজের শ্রদ্ধার পাত্র। পরন্তু তিনি যদি প্রকৃত আদর্শ না হইয়া কুআদর্শে পরিণত হইয়া পড়েন, তবে তাঁহাকে লোকে দুই চক্ষের বিষ বলিয়া মনে করেন। কারণ শিব গড়িতে বলায় তিনি যদি ক্ষমতার অভাববশতঃ বানর গড়িতে আরম্ভ করেন, তবে তাহা সর্ব্বাংশে বর্জ্জনীয়।...

"উর্ব্বরমস্তিক স্বাধীন চিন্তাশীল কবিপ্রবর আর একস্থানে লিখিয়াছেন—

"প্রভু মহাম্মদ প্রেরিত তপন,<br>একাকী করিয়া জনম গ্রহণ"

ইহার তাৎপর্য্য কি তাহা আমরা বুঝিতে পারি নাই। আবহমান কাল হইতে এ পর্যন্ত পৃথিবীর যে কোন অংশে যে কোন সমাজ সংস্কারক, ধর্ম্মপ্রবর্ত্তক বা অন্য কোন শ্রেণীর পুরুষধন্য জন্ম পরিগ্রহ করিয়াছেন, তাঁহাদের কেহই "একাকী" ভিন্ন মাতৃগর্ভ হইতে ভূমিষ্ঠ হন নাই, তাহা আপামর সকলেরই বিদিত, অতএব এতৎসম্বন্ধে বিশেষ টীকা টিপ্পনি নিষ্প্রয়োজন।"

এম. সেরাজুল হক তাঁর 'সিরাজী-চরিতে' (কলিকাতা, ১৯৩৫) জানিয়েছেন যে, 'ইসলাম-প্রচারকে' প্রকাশিত এই প্রবন্ধ সিরাজীর রচিত।

খলিফাদিগের ইতিহাস ঃ মৌলবী আলাউদ্দীন আহমদ

হিন্দু-সাহিত্য ঃ শ্রীতঃ[১]

প্রাথমিক মুসলমানদের জ্ঞানচর্চ্চা ও মুসলমান সুধীমণ্ডলী ঃ সৈয়দ এসমাইল হোসেন সিরাজী

কি করিস তোরা ? [ কবিতা ] ঃ সৈয়দ এমদাদ আলী

ইসলাম ও মিশন ঃ মোহাম্মদ মনিরুজ্জামান ইসলামাবাদী

মোল্লা-চিত্র [ কবিতা ] ঃ এস, এসমাইল হোসেন সিরাজী

মোরতজা-চরিত ঃ মুনশী আবদুল লতিফ

খালেদ ; জ্ঞাপন [ কবিতা ] ঃ সৈয়দ এসমাইল হোসেন সিরাজী

ঈর্ষা ও পরশ্রীকাতরতার উজ্জ্বল দৃষ্টান্ত ঃ এবনে হামিদ

প্রাপ্ত পুস্তকাদির সমালোচনা

ভ্রাতৃবিলাপ ( কাব্য )। এ. এম. এম. এইচ. আলী প্রণীত।... গ্রন্থকারের নামে এতগুলি ইংরেজী বর্ণমালার সংযোজনা বড়ই শ্রুতিকটু বোধ হইতেছে। ... স্থানে স্থানে কবিত্বশক্তির বেশ পরিচয় পাওয়া যায়।

অশ্রুকণা। লেখকের নাম নাই।...

হজ-বিধি। মৌলভী মোহাম্মদ ইয়াকুব নূরী এবং মিহির ও সুধাকর সম্পাদক শেখ আবদুর রহিম প্রণীত।...

জাতীয় ও ধর্ম্ম সংবাদ

মৌলভী মোহাম্মদ মনিরুজ্জামান ইসলামাবাদী প্রমুখ জীবন্ত পুরুষদিগের উদ্যোগে রেঙ্গুন শহর হইতে হেজাজ রেলওয়ের জন্য ইতিমধ্যে প্রায় এক লক্ষ টাকা চাঁদা গিয়াছে।...

...নবাব ফয়জুন্নেছা চৌধুরাণী সাহেবা গত আশ্বিন মাসে পরলোক-গমন করিয়াছেন। "সুধাকর" ও "ইসলাম-প্রচারক" তাঁহার নিকট অনেক টাকা সাহায্য পাইয়াছেন।

পঞ্চম বর্ষ, একাদশ-দ্বাদশ সংখ্যা ঃ নভেম্বর-ডিসেম্বর ১৯০৩

তফসীর হক্কানীর বঙ্গানুবাদ ঃ মৌলবী আলাউদ্দীন আহমদ

১। দুর্গেশনন্দিনী, রশিনারা ও মাধবীকঙ্কণে হিন্দু যুবকের প্রতি মুসলিম তরুণীর প্রণয়-চিত্রে আপত্তি। লেখক সম্ভবতঃ তসলিমউদ্দীন আহমদ।

জেহাদের নামে প্রতারণা : বশিরউদ্দীন আহমদ

বঙ্গীয় প্রাদেশিক মুসলমান শিক্ষা-সমিতি : এস, ডব্লিউ, হোসেন,[১]

আলেকজান্দ্রিয়ার পুস্তকাগার : শ্রীনির্ম্মলচন্দ্র ঘোষ

ফারাক্লিত ( ইংরাজী হইতে অনুদিত ) : শেখ জমিরুদ্দীন

ইস্রায়েল কি ইসমাইল বংশ শ্রেষ্ঠ ? : মোহাম্মদ মেহেরউল্লা

সিসিলি দ্বীপে মুসলমানদিগের জ্ঞানচর্চ্চা ও সুধীমণ্ডলী :

এস, এসমাইল হোসেন সিরাজী

মুসলমান জাতি ও হিন্দু লেখক : সৈয়দ এসমাইল হোসেন সিরাজী

নবনূর ও জেহাদ : এস, এসমাইল হোসেন সিরাজী[২]

মৌলানা শিবলীর ভ্রমণ বৃত্তান্ত : সম্পাদক

আমাদের কি করা উচিত ? : এবনে মাআজ

প্রচার-সংবাদ : জনৈক পর্যটক

জাতীয় ও ধর্ম্ম সংবাদ

ষষ্ঠ বর্ষ, প্রথম-দ্বিতীয় সংখ্যা : মে-জুন ১৯০৪

তফসীর হক্কানীর বঙ্গানুবাদ : মৌলবী আলাউদ্দীন আহমদ

---

১। এই প্রবন্ধে "কলিকাতা মহাম্মাদান ইউনিয়ন" গঠন এবং তার কর্মকর্তাদের নাম উল্লেখ করা হয়েছে :

পৃষ্ঠপোষক : হার হাইনেস মুরশিদাবাদের নবাব বেগম ফেরদৌস মহাল সাহেবা
প্রিন্স বখতিয়ার শাহ্
ওয়াজেদ আলি খান পন্নী

সভাপতি : মির্জ্জা শুজাত আলী বেগ

সেক্রেটারী : মৌলভী ওয়াহেদ হোসেন, বি-এল

সভ্যগণ : ···সৈয়দ নওয়াব আলী চৌধুরী
আবদুল হামিদ (Moslem Chronicle)
আবদুর রহিম (এডিটর সুধাকর)
রেয়াজুদ্দীন আহমদ ( এডিটর ইসলাম প্রচারক )
মহম্মদ আকরম খাঁ ( এডিটর মহম্মদী )

২। ১৩১০ সালের অগ্রহায়ণ মাসের 'নবনূরে' লেখা হয় যে, মুসলমানেরা কখনো ধর্মের জন্যে জেহাদ করেনি। সেই বক্তব্যের প্রতিবাদ করা হয়েছে এখানে।

আত্মশক্তি ও প্রতিষ্ঠা : এস, এসমাইল হোসেন সিরাজী
বঙ্গীয় ইসলাম মিশন সমিতি : মোহাম্মদ রওশন আলী চৌধুরী
দিল্লী : মৌলভী আশরফ মতিয়র রহমান[১]
আলেকজান্দ্রিয়ার পুস্তকাগার : শ্রীনির্ম্মলচন্দ্র ঘোষ
মহাকবি সাদীর জীবনী : মৌলভী আলাউদ্দীন আহমদ
জেহাদের নামে প্রতারণা : বসিরউদ্দীন আহমদ
মহাশিক্ষা কাব্য : এস, এ, এম, এসমাইল হোসেন সিরাজী
নবাব সেরাজোদ্দওলার কলঙ্কমোচন : এবনে রেয়াজ
ইসলাম সম্বন্ধে লিটনার সাহেবের বক্তৃতা : মুনশী শেখ জমিরুদ্দীন
মৌলানা শিবলীর ভ্রমণ বৃত্তান্ত : সম্পাদক
বঙ্গীয় মুসলমানের শিক্ষা : মৌলভী আফতাবউদ্দীন আহমদ
বঙ্গীয় প্রাদেশিক মুসলমান শিক্ষা সমিতি : সম্পাদক
জাতীয় ও ধর্ম্ম সংবাদ
দেমেস্ক-হেজাজ রেলওয়ে

ষষ্ঠ বর্ষ, তৃতীয় সংখ্যা : জুলাই ১৯০৪

তফসীর হক্কানীর বঙ্গানুবাদ : মৌলভী আলাউদ্দীন আহমদ
আলেকজান্দ্রিয়ার পুস্তকাগার : শ্রীনির্ম্মলচন্দ্র ঘোষ
নবাব মোজাফফর খাঁ : এবনে রেয়াজ
যমুনা : এ, মতিয়র রহমান[২]
জাতীয় ও ধর্ম্ম সংবাদ : সম্পাদক

ষষ্ঠ বর্ষ, চতুর্থ সংখ্যা : আগষ্ট ১৯০৪

তফসীর হক্কানীর বঙ্গানুবাদ : মৌলবী আলাউদ্দীন আহমদ
সিদী মাওলা : মৌলভী ওসমান আলি
মহর্ষি হজরত এমাম রব্বানী মোজাদ্দাদে আলফ সানী :
শেখ ফজলল করিম
যমুনা : এ, মতিয়র রহমান

---

১। সটীক কবিতা।
২। উপন্যাস ( ক্রমশঃ প্রকাশিত )।

মৌলানা শিবলীর ভ্রমণবৃত্তান্ত ঃ সম্পাদক
মহাকবি শেখ সাদীর জীবনী ঃ মৌলবী আলাউদ্দীন আহমদ
বঙ্গীয় মুসলমানের শিক্ষা ঃ মৌলভী আফতাবউদ্দীন আহমদ
যবন ও কাফের ঃ মিলন প্রার্থী
জাতীয় ও ধর্ম্মসংবাদ

ষষ্ঠ বর্ষ, পঞ্চম সংখ্যা ঃ সেপ্টেম্বর ১৯০৪

তফসীর হক্কানীর বঙ্গানুবাদ ঃ মৌলবী আলাউদ্দীন আহমদ
বঙ্গীয় মুসলমানের শিক্ষা ঃ মৌলবী আফতাবউদ্দীন আহমদ
জমীদার-পুত্র হাসন আলীর শিক্ষা-প্রণালী ঃ এবনে মাআজ
মুনের রাজা ফঅদ্দিন ঃ আবদুর রশিদ খাঁ
মহাশিক্ষা কাব্য ঃ এস, এসমাইল হোসেন সিরাজী
ইসলাম সম্বন্ধে লিট্‌নার সাহেবের বক্তৃতা ঃ মুনশী শেখ জমিরুদ্দীন
মহাকবী শেখ সাদীর জীবনী ঃ মৌলবী আলাউদ্দীন আহমদ
জাতীয় ও ধর্ম্মসংবাদ

ষষ্ঠ বর্ষ, ষষ্ঠ সংখ্যা ঃ অক্টোবর ১৯০৪

তফসীর হক্কানীর বঙ্গানুবাদ ঃ মৌলবী আলাউদ্দীন আহমদ
যমুনা ঃ এ, মতিয়র রহমান
ইস্রায়েল কি ইসমাইল বংশ শ্রেষ্ঠ ? ঃ মোহাম্মদ মেহেরউল্লা
মুর্শিদাবাদ ভ্রমণ ঃ মুনশী শেখ জমিরুদ্দীন
কল্য ও অদ্য [কবিতা] ঃ আবুল মোহাম্মদ এসমাইল হোসেন সিরাজী
বঙ্গীয় মুসলমানের শিক্ষা ঃ মৌলভী আফতাবউদ্দীন আহমদ
সম্রাট আওরঙ্গজেব আলমগীর কর্ত্তৃক গোলকুণ্ডা অধিকার ও মহাবীর আবদুর রাজ্জাক লারীর বীরত্ব ও প্রভুভক্তি ঃ মৌলভী আলাউদ্দীন আহমদ
জাতীয় ও ধর্ম্মসংবাদ

ষষ্ঠ বর্ষ, সপ্তম সংখ্যা ঃ নভেম্বর ১৯০৪

তফসীর হক্কানীর বঙ্গানুবাদ ঃ মৌলভী আলাউদ্দীন আহমদ

সম্রাট আওরঙ্গজেব আলমগীর কর্ত্তৃক গোলকুণ্ডা অধিকার ও
মহাবীর আবদুর রাজ্জাক লারীর বীরত্ব ও প্রভুভক্তি :
মৌলভী আলাউদ্দীন আহমদ

অপূর্ব প্রেম : মৌলভী আফসারউদ্দীন আহমদ

হজরত মোহাম্মদের (দঃ) নবুয়ত সম্বন্ধে বাইবেলের সাক্ষ্য : মুনশী শেখ জমিরুদ্দীন

জমীদারপুত্র হাসন আলীর শিক্ষাপ্রণালী : এবনে মাআজ

জাতীয় ও ধর্ম্মসংবাদ

ষষ্ঠ বর্ষ, অষ্টম সংখ্যা : ডিসেম্বর ১৯০৪

তফসীর হক্কানীর বঙ্গানুবাদ : মৌলভী আলাউদ্দন আহমদ

বঙ্গীয় মুসলমানের শিক্ষা : মৌলভী আফতাবউদ্দীন আহমদ

মোরতজা-চরিত : মুনশী আবদুল লতিফ

মহর্ষি হজরত এমাম রব্বানী মোজাদ্দাদে আলফ সানী :
শেখ ফজলল করিম

কবিতা-কুঞ্জ : এ, এম, এসমাইল হোসেন সিরাজী

মহাশিক্ষা-কাব্য : এস, এসমাইল হোসেন সিরাজী

জাতীয় ও ধর্ম্মসংবাদ

ষষ্ঠ বর্ষ, নবম সংখ্যা : জানুয়ারী ১৯০৫

তফসীর হক্কানীর বঙ্গানুবাদ : মৌলভী আলাউদ্দীন আহমদ

চট্টলের শাসনকর্ত্তা দেওয়ান মহাসিংহ : মুনশী মতেছমবিল্লা চৌধুরী

মহর্ষি হজরত এমাম রব্বানী মোজাদ্দাদে আলফ সানী :
শেখ ফজলল করিম

মহাশিক্ষা-কাব্য : এস, এসমাইল হোসেন সিরাজী[১]

নব্য ভারতে চেহলম : মোহাম্মদ এবরার আনসারী

মোরতজা-চরিত : মুনশী আবদুল লতিফ

হজরত মোহাম্মদের (দঃ) নবুয়ত সম্বন্ধে বাইবেলের সাক্ষ্য :
মুনশী শেখ জমিরুদ্দীন

১। তিন সর্গ প্রকাশের পর কাব্যটি আর মুদ্রিত হয় নি।

জাতীয় ও ধর্ম্মসংবাদ

ষষ্ঠ বর্ষ, দশম সংখ্যা ঃ ফেব্রুয়ারী ১৯০৫

তফসীর হক্কানীর বঙ্গানুবাদ ঃ মৌলভী আলাউদ্দীন আহমদ

হজরত মোহাম্মদের (দঃ) নবুয়ত সম্বন্ধে বাইবেলের সাক্ষ্য ঃ মুনশী শেখ জমিরুদ্দীন

সম্রাট আওরঙ্গজেব আলমগীর কর্তৃক গোলকুণ্ডা অধিকার ও মহাবীর আবদুর রাজ্জাক লারীর বীরত্ব ও প্রভুভক্তি ঃ মৌলভী আলাউদ্দীন আহমদ

ব্রহ্মরাজ্যের সংক্ষিপ্ত ইতিহাস ঃ আবদুল করিম

সত্যই কি মুসলমান ঘৃণার পাত্র ঃ মৌলভী ওসমান আলি, বি, এল ঃ

> বিধাতার ইচ্ছাক্রমে ভারতীয় হিন্দু ও মুসলমান বর্ত্তমান সময় একই বন্ধনে আবদ্ধ, একই সূত্রে গ্রথিত এবং একই নিয়মে শাসিত ও পরিচালিত।··· একই মাতার দুই সন্তানের মধ্যে বন্ধুত্বই বাঞ্ছনীয়।···
>
> ··· হিন্দু মাত্রেই সাধারণতঃ মুসলমানের নাম শ্রবণ করিবামাত্র উৎকট ঘৃণায় ও অবজ্ঞায় নাসিকা কুঞ্চিত করিয়া থাকেন।···

যমুনা ঃ এ, মতিয়র রহমান

জাতীয় ও ধর্ম্মসংবাদ

ষষ্ঠ বর্ষ, একাদশ সংখ্যা ঃ মার্চ্চ ১৯০৫

তফসীর হক্কানীর বঙ্গানুবাদ ঃ মৌলভী আলাউদ্দীন আহমদ

বাণিজ্যক্ষেত্রে আরব জাতি ঃ মোহাম্মদ মনিরুজ্জামান ইসলামাবাদী

হজরত মওলানা লুৎফল হক সাহেব (মরহুম) সম্বন্ধে যৎকিঞ্চিৎ ঃ মুনশী শেখ জমিরুদ্দীন

দেবাঙ্গনা ঃ মৌলভী আবদুল লতীফ

নব্য ভারতে চেহলম ঃ মোহাম্মদ এবরার আনসারী

ব্রহ্মরাজ্যের সংক্ষিপ্ত ইতিবৃত্ত ঃ আবদুল করিম

ইসলাম সম্বন্ধে জনৈক ইংরেজের বক্তৃতা ঃ মুনশী শেখ জমিরুদ্দীন

জাতীয় ও ধৰ্ম্মসংবাদ

ষষ্ঠ বর্ষ, দ্বাদশ সংখ্যা : এপ্রিল ১৯০৫

তফসীর হক্কানীর বঙ্গানুবাদ : মৌলভী আলাউদ্দীন আহমদ

'তসওফ' এবং Theosophy (ঐশিক জ্ঞান) : শ্রীতঃ

ইসলাম সম্বন্ধে জনৈক ইংরেজের বক্তৃতা : মুনশী শেখ জমিরুদ্দান

ব্রহ্মরাজ্যের সংক্ষিপ্ত ইতিবৃত্ত : আবদুল করিম

হজরত মোহাম্মদের (দঃ) নবুয়ত সম্বন্ধে বাইবেলের সাক্ষ্য : শেখ জমিরুদ্দীন

জাতীয় ও ধৰ্ম্মসংবাদ

সপ্তম বর্ষ, প্রথম সংখ্যা : মে ১৯০৫

তফসীর হক্কানীর বঙ্গানুবাদ : মৌলভী আলাউদ্দীন আহমদ

ত্রিপুররাজ বিজয়ী মহাবীর নবাব শমসের গাজী : ওহাজুদ্দীন আহমদ

দেবাঙ্গনা : মৌলভী আবদুল লতীফ

অপূৰ্ব্ব প্রেম : মৌলভী আফসারউদ্দীন আহমদ

ইংরেজী ও আরবী শিক্ষার পরিণাম : মোহাম্মদ মনিরুজ্জামান ইসলামাবাদী

কবিতাকুঞ্জ : এ, এম, এসমাইল হোসেন সিরাজী

সমালোচনা : এসমাইল হোসেন সিরাজী

জাতীয় ও ধৰ্ম্মসংবাদ

সপ্তম বর্ষ, দ্বিতীয় সংখ্যা : জুন ১৯০৫

তফসীর হক্কানীর বঙ্গানুবাদ : মৌলভী আলাউদ্দীন আহমদ

বার্নবার ইঞ্জিল : শেখ জমিরুদ্দীন

নব্যভারতে মুসলমান চিত্র : একিনউদ্দীন আহমদ

পবিত্র কোরাণের প্রথম পঞ্চ আয়াত : শ্রীতঃ, বি, এল,

ত্রিপুররাজ বিজয়ী মহাবীর নবাব শমসের গাজী : ওহাজুদ্দীন আহমদ

সম্রাট আওরঙ্গজেব আলমগীর কর্তৃক গোলকুণ্ডা অধিকার ও মহাবীর আবদুর রাজ্জাক লারীর বীরত্ব ও প্রভুভক্তি : মৌলভী আলাউদ্দীন আহমদ

অন্ধের খেদ ঃ শেখ ফজলল করিম

কবিতাকুঞ্জ ঃ এসমাইল হোসেন সিরাজী

জাতীয় ও ধর্ম্মসংবাদ

সপ্তম বর্ষ, তৃতীয় সংখ্যা ঃ জুলাই ১৯০৫

তফসীর হক্কানীর বঙ্গানুবাদ ঃ মৌলভী আলাউদ্দীন আহমদ

আল মামুন ঃ সম্পাদক

হজরত মোহাম্মদ (দঃ) সম্বন্ধে ডাক্তার নিশিকান্ত চট্টোপাধ্যায়ের বক্তৃতা

কোরাণের অনুবাদ ঃ শ্রীতঃ, বি, এল

সম্রাট আওরঙ্গজেব আলমগীর কর্ত্তৃক গোলকুণ্ডা অধিকার ও মহাবীর আবদুর রাজ্জাক লারীর বীরত্ব ও প্রভুভক্তি ঃ মৌলভী আলাউদ্দীন আহমদ

ত্রিপুররাজ বিজয়ী মহাবীর নবাব শমসের গাজী ঃ ওহাজুদ্দীন আহমদ

মুসলমান শিক্ষা সমিতি ঃ নওশের আলী খাঁ ইউছফজী

জাতীয় ও ধর্ম্মসংবাদ

সপ্তম বর্ষ, চতুর্থ সংখ্যা ঃ আগষ্ট ১৯০৫

তফসীর হক্কানীর বঙ্গানুবাদ ঃ মৌলভী আলাউদ্দীন আহমদ

মহামান্য আমিরুল মুমেনিনের রাজ্যাভিষেকোৎসব

সম্রাট আওরঙ্গজেব আলমগীর কর্ত্তৃক গোলকুণ্ডা অধিকার ও মহাবীর আবদুর রাজ্জাক লারীর বীরত্ব ও প্রভুভক্তি ঃ মৌলভী আলাউদ্দীন আহমদ

ত্রিপুররাজ বিজয়ী মহাবীর নবাব শমসের গাজী ঃ ওহাজুদ্দীন আহমদ

আল-মামুন ঃ সম্পাদক

সুফী কবি হাফেজ সম্বন্ধে যৎকিঞ্চিৎ ঃ তঃ আহমদ, বি, এল

জাতীয় ও ধর্ম্মসংবাদ

১৮ মাস বয়স্ক দুগ্ধপোষ্য শিশুর বে-আদবি ও সোলতান প্রতিপালকের

কৈফিয়ৎ : ভূতপূর্ব্ব সোলতান প্রতিপালক [১]

তুমি হিন্দু কর্তৃক লালিত ও পরিচালিত হইয়া "সোলতান" নামে আত্মপরিচয় প্রদান পূর্ব্বক, মুসলমান সমাজের সর্বনাশ করিও না— ইহাই তোমার পূর্ব্বতন প্রতিপালকের একান্ত অনুরোধ।

সপ্তম বর্ষ, পঞ্চম সংখ্যা : সেপ্টেম্বর ১৯০৫

তফসীর হকানীর বঙ্গানুবাদ : মৌলভী আলাউদ্দীন আহমদ

কোরাণের অনুবাদ : শ্রীতঃ, বি, এল

নব্যভারতে চেহ্‌লম : মোহাম্মদ এবরার আনসারী

বঙ্গবিভাগ ও স্বদেশী আন্দোলন : এবনে মাআজ

ইংরেজ শাসনাধীনে যে আমরা পরম সুখশান্তিতে বাস করিতেছি, একথা কাহারও অস্বীকার করিবার যো নাই। বিদেশীয় শক্তির অধীনে এরূপ সুখ শান্তি কোনও দেশের অধিবাসীদিগের ভাগ্যেই ঘটে না। কিন্তু আমাদের উচ্চশিক্ষিত হিন্দু ভ্রাতৃগণ তাহা বুঝিয়াও বুঝিতেছেন না।...

... গবর্ণমেণ্ট রাজকার্য্যের সুবিধার জন্য বঙ্গদেশে দুই জন বা তিন জন লেপ্টেনাণ্ট গবর্ণর নিযুক্ত করিলে তাহাতে তোমার আমার কি?...

যদি কাশিমবাজারের মহারাজা এবং হিন্দু সংবাদপত্রসমূহের উক্তি সত্য হয়, তবে নূতন বঙ্গে মুসলমানগণ অধিক পরিমাণে চাকরী লাভ

১। মোহাম্মদ রেয়াজুদ্দীন আহমদ, পাক-পাঞ্জতন, পূর্বোক্ত, ভূমিকা, পৃ ৮৶০—১৲ : "সম্ভবতঃ ১৩১২ সালে 'সোলতান' সংবাদপত্র আমার সম্পাদকতায় ... বাহির হয়। ...প্রায় দুই বৎসর পরে নানাপ্রকার গোলযোগ ও বিপ্লবে কাগজখানির ছাপাখানা ও দফতর প্রথমে কড়েয়া হইতে স্থানান্তরিত হইয়া ... কিছুকাল পরেই বন্ধ হয়। তদনন্তর নূতন পলিসিতে (কংগ্রেসী মন্ত্রে দীক্ষিত হইয়া) মৌলবী মোহাম্মদ মনিরুজ্জামান এছলামাবাদী ছাহেবের সম্পাদকতায় চলিতে থাকে ... ...।" 'ইসলাম-প্রচারকে'র বর্তমান আলোচনার লক্ষ্যস্থল এই নবপর্যায়ের 'সোলতান'। রেয়াজুদ্দীন সাহেবের দেওয়া 'সোলতানের' প্রথম প্রকাশকাল, বলা বাহুল্য, ভ্রান্ত। তিনি "১৩১২ সালেই" এই সমালোচনা করেছেন।

করিবেন, এবং হিন্দুগণের সেই স্বার্থে আঘাত পড়িবে বলিয়াই তাঁহারা এতাধিক বিচলিত হইয়াছেন এবং গভীর গর্জ্জনে চতুর্দ্দিক নিনাদিত করিতেছেন, আমরা কেন একথা মনে করিব না ?…

যে সকল বিকৃতমনাঃ ও অদূরদর্শী মুসলমান এই গোলমালে হিন্দুদিগের সহিত যোগদান করিয়াছেন তাহারা হয় ভণ্ড কাপুরুষ, নয় ঘোর মূর্খ।…

মুসলমান জাতি চিরকালই রাজভক্ত। যে জাতি একেশ্বরবাদী, তাঁহারা রাজভক্ত না হইয়া পারে না। মুসলমানের ধর্ম্মে আঘাত না পড়িলে তাঁহারা কদাচ রাজার বিরুদ্ধে দণ্ডায়মান হয় না। সিপাহি বিদ্রোহ প্রভৃতি যে সকল ঘটনায় মুসলমানগণ রাজার বিরুদ্ধে অভ্যুত্থান করিয়াছিল, সে সমস্তই ধর্ম্মের সহিত সংশ্লিষ্ট। অবশ্য রাজার দ্বারা কোনও অন্যায় অনুষ্ঠান হইলে, আমরা ধীরভাবে তৎপ্রতিকারের প্রার্থনা জানাইব; বিনীত ভাবে — কাতরভাবে নিজেদের অভাব অভিযোগের বিষয় জ্ঞাপন করিব। ইংরেজ রাজ্যে আমাদের ধর্ম্মবিষয়ক স্বাধীনতায় কখনও হস্তক্ষেপ করা হইতেছে না।

১৮ মাস বয়স্ক দুগ্ধপোষ্য শিশুর বে-আদবি ও সোলতান-প্রতিপালকের কৈফিয়ৎ : ভূতপূর্ব্ব সোলতান-প্রতিপালক

প্রাপ্ত গ্রন্থের সমালোচনা :

কাসেমবধ কাব্য — মৌলবী এ, এম, এম, হামিদ আলী প্রণীত।… পুস্তকখানির স্থানে স্থানে বেশ কবিত্বশক্তির পরিচয় পাওয়া যায়, কিন্তু পুস্তকখানি ঐতিহাসিক ভ্রম-প্রমাদ শূন্য নহে। ব্যাকরণঘটিত ভুলও বিস্তর ;…… ।

জাতীয় ও ধর্ম্মসংবাদ

সপ্তম বর্ষ, ষষ্ঠ সংখ্যা : অক্টোবর ১৯০৫

তফসীর হক্কানীর বঙ্গানুবাদ : মৌলভী আলাউদ্দীন আহমদ

কোরাণের অনুবাদ : শ্রীতঃ, বি, এল

সম্রাট আওরঙ্গজেব আলমগীর কর্ত্তৃক গোলকুণ্ডা অধিকার ও মহাবীর

আবদুর রাজ্জাক লারীর বীরত্ব ও প্রভুভক্তি ঃ
মৌলভী আলাউদ্দীন আহমদ

নব্যভারতে চেহ্‌লম ঃ মোহাম্মদ এবরার আনসারী

বঙ্গবিভাগ ও স্বদেশী আন্দোলন ঃ এবনে মা'আজ

অভিধানে এমন কোনও গালির শব্দ নাই, যাহা মুসলমানের বিরুদ্ধে হিন্দুগণ প্রয়োগ না করিয়াছেন।······

বঙ্গের মুসলমান স্বাধীনতা-রবি কাহাদের কল্যাণে অস্তমিত হইয়াছিল ?······

হিন্দুদের সংস্রবে ভারতীয় — বিশেষতঃ বঙ্গীয় মুসলমানদিগের ধর্ম্ম ও নৈতিক জীবনের কতদূর অবনতি ঘটিয়াছে, তাহার আলোচনা করিতে গেলে বিষাদ সাগরে নিমগ্ন হইতে হয়।[১] ···

জাতীয় ও ধর্ম্মসংবাদ

সপ্তম বর্ষ, সপ্তম সংখ্যা ঃ নভেম্বর ১৯০৫

তফসীর হকানীর বঙ্গানুবাদ ঃ মৌলভী আলাউদ্দীন আহমদ

হজরত মোহাম্মদ ( দঃ ) সম্বন্ধে ডাক্তার নিশিকান্ত চট্টোপাধ্যায়ের বক্তৃতা

আল-হারুণ ঃ শেখ ফজলল করিম[২]

আমাদের অধঃপতন : সম্পাদক ও মোজাম্মেল হক

দেবাঙ্গনা ঃ মৌলভী আবদুল লতীফ

---

১। এই প্রসঙ্গে লেখক বাউলদের উৎপত্তি, মাদক দ্রব্য সেবন, ব্যভিচার, আতশবাজি পোড়ানো, চৈত্র-সংক্রান্তি বা দুর্গাপূজা উপলক্ষে উৎসব, হিন্দুয়ানী নামকরণ, গোমাংস গ্রহণে বিমুখতা, বেপর্দা ও অসতীত্ব, কবরে বাতি, ফুল, চেরাগ ও সিজদা দান প্রভৃতি আচারের উল্লেখ করেছেন।

২। ই. এইচ. পামির [ পামার ? ] রচিত হারুণ-অর-রশীদ গ্রন্থের উর্দু অনুবাদ-অবলম্বনে ধারাবাহিক ঐতিহাসিক আলোচনা। তাছাড়া, "সন্দিগ্ধ স্থানের সত্যোদ্ধারের জন্য আমাদিগকে জগন্মান্য ইতিহাস-নিচয় হইতে প্রমাণ সংগ্রহ করিতে হইয়াছে।" রচনাটি 'ইসলাম-প্রচারকে' শেষ হতে পারে নি।

বঙ্গবিভাগ ও স্বদেশী আন্দোলন ঃ এবনে মাআজ
জাতীয় ও ধর্ম্মসংবাদ

সপ্তম বর্ষ, অষ্টম সংখ্যা ঃ ডিসেম্বর ১৯০৫

তফসীর হক্কানীর বঙ্গানুবাদ ঃ মৌলভী আলাউদ্দীন আহমদ
পবিত্র লহরী ঃ তঃ আহমদ বি, এল,
সঙ্ঘর্ষণারম্ভ ( এসিয়াতে ও ইউরোপে ) ঃ তঃ আহমদ, বি, এল
বাইবেলের পরিবর্ত্তন ঃ শেখ মোহাম্মদ জমিরুদ্দীন
ধন্য ইসলাম-প্রচারক ঃ শ্রীরাজকৃষ্ণ পাল[১]
আল-হারুণ ঃ শেখ ফজলল করিম
চিতোরের পদ্মিনী [ কবিতা ] ঃ শ্রীঃ
জাগরণ [ কবিতা ] ঃ শেখ ফজলল করিম
পূর্ব্ববঙ্গ ও আসাম প্রাদেশিক মুসলমান শিক্ষা সমিতি
জাতীয় ও ধর্ম্মসংবাদ

সপ্তম বর্ষ, নবম সংখ্যা ঃ জানুয়ারী ১৯০৬

তফসীর হক্কানীর বঙ্গানুবাদ ঃ মৌলভী আলাউদ্দীন আহমদ
পবিত্র লহরী ঃ তসলিমুদ্দীন আহমদ, বি, এল
আল-হারুণ ঃ শেখ ফজলল করিম
আল-মামুন ঃ সম্পাদক
মৌলানা শিবলীর ভ্রমণবৃত্তান্ত ঃ সম্পাদক
বঙ্গবিভাগ ও স্বদেশী আন্দোলন ঃ এবনে মাআজ
সুমধুর সুমধুর মোহাম্মদ নাম ঃ শ্রী * *
জাতীয় ও ধর্ম্ম সংবাদ

---

১। ইতোপূর্বে প্রকাশিত "বঙ্গবিভাগ ও স্বদেশী আন্দোলন" প্রবন্ধের বক্তব্যের সমর্থনে 'মহাজন-বন্ধু' পত্রিকার সম্পাদক রাজকৃষ্ণ পালের আলোচনা।

সপ্তম বর্ষ, দশম সংখ্যা ঃ ফেব্রুয়ারী ১৯০৬

তফসীর হক্কানীর বঙ্গানুবাদ ঃ মৌলভী আলাউদ্দীন আহমদ
সম্রাট জাহাঁগীর এবং মথুরার দরবেশ ঃ তঃ আহমদ
ত্রিপুররাজ-বিজয়ী মহাবীর নবাব শমসের গাজী ঃ ওহাজুদ্দীন আহমদ
মহাকবি শেখ সাদীর জীবনী ঃ মৌলভী আলাউদ্দীন আহমদ
পবিত্র লহরী ঃ তসলিমুদ্দীন আহমদ
আল-হারুণ ঃ শেখ ফজলল করিম
জাতীয় ও ধর্ম্মসংবাদ
প্রাপ্ত গ্রন্থের সমালোচনা

সপ্তম বর্ষ, একাদশ সংখ্যা ঃ মার্চ্চ ১৯০৬

তফসীর হক্কানীর বঙ্গানুবাদ ঃ মৌলভী আলাউদ্দীন আহমদ
পবিত্র লহরী ঃ তসলিমুদ্দীন আহমদ, বি, এল,
আমার সংসার জীবন ঃ এবনে মাআজ
হজরত মোহাম্মদের ( দঃ ) সম্বন্ধে ডাক্তার নিশিকান্ত চট্টোপাধ্যায়ের বক্তৃতা
জাতীয় ও ধর্ম্মসংবাদ
প্রাপ্ত গ্রন্থের সমালোচনা

সপ্তম বর্ষ, দ্বাদশ সংখ্যা ঃ এপ্রিল ১৯০৬

কোরাণের অনুবাদ ঃ তসলিমুদ্দীন আহমদ
আমাদের আত্মনিবেদন ঃ স্বত্বাধিকারী
আমার সংসার জীবন ঃ এবনে মাআজ
আল-হারুণ ঃ শেখ ফজলল করিম
বর্ত্তমান স্বদেশী আন্দোলন ও বঙ্গীয় মুসলমানের অভ্যুত্থান
জাতীয় ও ধর্ম্মসংবাদ

**১৯০০ (এপ্রিল) ইসলাম (মাসিক)**

সম্পাদক : মধু মিয়া [১]

**১৯০০ (এপ্রিল) লহরী (মাসিক)**

সম্পাদক : মোজাম্মেল হক

"নানাবিষয়িনী কবিতাময়ী সমালোচনী মাসিক পত্রিকা"।

"কলিকাতা ১৭ নং নন্দকুমার চৌধুরীর ২য় লেন কালিকা যন্ত্রে শ্রীশরচ্চন্দ্র চক্রবর্ত্তী কর্ত্তৃক মুদ্রিত ও শান্তিপুর মহম্মদীয় লাইব্রেরী হইতে সত্বাধিকারী কর্ত্তৃক প্রকাশিত"। "বার্ষিক মূল্য সডাক ২।৶০, প্রতিসংখ্যার মূল্য ৶০ আনা"।

**প্রথম** খণ্ড, **সপ্তম-অষ্টম** সংখ্যা : কার্ত্তিক ও অগ্রহায়ণ ১৩০৭

রজত জুবিলী (মহামান্য তুরস্ক সুলতানের পঞ্চবিংশ বর্ষ শুভ রাজত্ব উপলক্ষে।)

অভিযোগ

একটি ফুল

অনন্ত যাতনা

স্তাম্বুল : মোহাম্মদ এসমাইল হোসেন

ঘৃণ্য কে ? : শ্রীজীবনকৃষ্ণ দত্ত

যবনে তাহারা দেখিলে নয়নে
ছুঁও না ছুঁও না বদনে বলি,
অতি সাবধানে ডিঙ্গি মারি ধীরে
যায় সাত হাত তফাতে চলি।...

---

১। সাময়িক পত্র, ২ : ৮৩। ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় এর প্রথম প্রকাশকাল বলেছেন, "বৈশাখ ১৩০৭"। অধ্যাপক মুস্তাফা নূরউল ইসলাম জানিয়েছেন যে, মধু মিয়া-সম্পাদিত 'প্রচারক' পত্রিকায় তিনি ১৩০৬ সালের চৈত্র সংখ্যা 'ইসলাম' পত্রিকার বিজ্ঞাপন দেখেছেন। তাহলে 'ইসলামে'র প্রথম প্রকাশকাল আরো পূর্ববর্তী। দ্র° মুস্তাফা নূরউল ইসলাম, "মুসলিম সাংবাদিকতা ও প্রচারক প্রত্রিকা," সাহিত্যপত্র, ১৩৬৩।

অশ্রুমালা : শ্রীভোলানাথ মজুমদার (কুমারখালি)
ও কি সেই ? : শ্রীসুরেশ্বর মুখোপাধ্যায়
অভাগা-বিলাপ : শ্রীমহাম্মদ মোজাম্মেল হক
মোবারক
জেবউন্নেসা : শ্রীছক্কনলাল ঘোষ
বর্ষার নদী : শ্রীমহাম্মদ মীর আলি
উদ্বাহ-গাথা : শ্রীনঃ
ভ্রষ্ট লগ্ন : শ্রীপূর্ণচন্দ্র ভট্টাচার্য
আঘাত : শ্রীতোফাজ্জল হোসেন
স্বর্গীয় রজনীকান্ত : শ্রীদেবেন্দ্রনারায়ণ রায়

১৯০০ **নূর-অল-ইমান**

সম্পাদক : মির্জা মোহাম্মদ ইউসুফ আলী

নূর-অল ইমান সমাজের (রাজশাহী) পক্ষে কলকাতায় মুদ্রিত ও প্রকাশিত।[২]

---

২। বিস্তৃত আলোচনার জন্য দ্র° কাজী আবদুল মান্নান, আধুনিক বাংলা সাহিত্যে মুসলিম সাধনা (রাজশাহী, ১৯৬১)।

## পাদটীকায় ব্যবহৃত সংকেত - পরিচয়

Long : James Long, *A Descriptive Catalogue of Bengali Works*, Calcutta, 1855. দীনেশচন্দ্র সেন, 'বঙ্গভাষা ও সাহিত্য,' অষ্টম-স ; কলিকাতা, ১৩৫৬, গ্রন্থের সঙ্গে গ্রথিত। এই বইয়ের পৃষ্ঠাসংখ্যা নির্দেশিত হয়েছে।

ন্যায়রত্ন ঃ রামগতি ন্যায়রত্ন, 'বাঙ্গালা ভাষা ও সাহিত্য বিষয়ক প্রস্তাব', চ - স ; চুঁচুড়া, ১৩৪১

সাময়িক পত্র ঃ ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, 'বাংলা সাময়িক পত্র', দু খণ্ড ; দ্বি-স ; কলিকাতা, ১৩৫৯

সাময়িক সাহিত্য ঃ কেদারনাথ মজুমদার, 'বাংলা সাময়িক সাহিত্য', ময়মনসিংহ, ১৯১৭

সাহিত্য পঞ্জিকা ঃ যোগীন্দ্রনাথ সমাদ্দার ও রাখালরাজ রায়, 'সাহিত্য পঞ্জিকা', কলিকাতা, ১৩২২

সেকালের কথা ঃ ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, 'সংবাদপত্রে সেকালের কথা', দু খণ্ড ; তৃ-স ; কলিকাতা, ১৩৫৬

ব. মু. সা. প ঃ 'বঙ্গীয় মুসলমান সাহিত্য পত্রিকা'

সা. প. প ঃ 'সাহিত্য পরিষৎ পত্রিকা'